গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# আন্তর্জাতিক বাণিজ্য নির্দেশিকা
# International Trade Guidelines



Export Promotion Bureau
Bangladesh
রপ্তানি উন্নয়ন ব্যুরো

# আন্তর্জাতিক বাণিজ্য নির্দেশিকা

# International Trade Guidelines




Export Promotion Bureau
Bangladesh

রপ্তানি উন্নয়ন ব্যুরো

| | | |
|---|---|---|
| **প্রধান উপদেষ্টা** | : | জনাব মোঃ আনোয়ার হোসেন<br>ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো |
| **উপদেষ্টা** | : | জনাব বেবী রানী কর্মকার,<br>মহাপরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো |
| **সম্পাদক** | : | জনাব মাহমুদুল হাসান<br>পরিচালক, তথ্য ও প্রকাশনা বিভাগ, রপ্তানি উন্নয়ন ব্যুরো |
| **সদস্য** | : | জনাব মোঃ শাহ্জালাল<br>পরিচালক, পণ্য বিভাগ, রপ্তানি উন্নয়ন ব্যুরো<br>জনাব আবু মোখলেছ আলমগীর হোসেন<br>পরিচালক, নীতি ও পরিকল্পনা বিভাগ, রপ্তানি উন্নয়ন ব্যুরো<br>জনাব কুমকুম সুলতানা<br>পরিচালক, বস্ত্র বিভাগ, রপ্তানি উন্নয়ন ব্যুরো |
| **সদস্য-সচিব** | : | জনাব মোঃ মিজানুর রহমান<br>গবেষণা কর্মকর্তা, তথ্য ও প্রকাশনা বিভাগ, রপ্তানি উন্নয়ন ব্যুরো |

**প্রকাশকাল**

০৭ নভেম্বর, ২০২৪ খ্রি.

**মুদ্রণ :**

**প্রিন্ট ফক্স,** ১৫১ গাউসুল আযম সুপার মার্কেট, ২য় তলা, নীলক্ষেত ঢাকা-১২০৫

**মোঃ আনোয়ার হোসেন**
সিইও এন্ড ভাইস-চেয়ারম্যান
রপ্তানি উন্নয়ন ব্যুরো

# মুখবন্ধ

একটি দেশের অর্থনৈতিক উন্নয়নে রপ্তানি ও আমদানি বাণিজ্য উভয়ের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। রপ্তানি পণ্যের তালিকায় নতুন নতুন পণ্যের সংযোজন, নতুন রপ্তানিকারক সৃজন এবং বহির্বিশ্বে রপ্তানি বাজার সম্প্রসারণে রপ্তানি উন্নয়ন ব্যুরো বিভিন্ন কার্যক্রম পরিচালনা ও সেবা প্রদান করে থাকে। একজন উদ্যোক্তার রপ্তানি বাণিজ্যে প্রবেশের জন্য করণীয় বিষয়াবলী প্রতিপালনসহ বিশ্ববাজার সম্পর্কে ধারণা, রপ্তানি সংশ্লিষ্ট হালনাগাদ তথ্যাদির পাশাপাশি রপ্তানি পণ্য উৎপাদনে আমদানি সংক্রান্ত তথ্যও অবগত হওয়া প্রয়োজন। এ উদ্দেশ্যকে সামনে রেখে রপ্তানি ও আমদানি বাণিজ্য সম্পর্কিত তথ্য সংশ্লিষ্ট সকলের নিকট পৌঁছে দেয়ার প্রয়াস ও রপ্তানি সংশ্লিষ্টদের সহায়তা প্রদানের উদ্দেশ্যে রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃক আন্তর্জাতিক বাণিজ্য নির্দেশিকা বইটি প্রণয়ন করা হয়েছে। এ বইটিতে একজন নতুন উদ্যোক্তা/রপ্তানিকারকের জন্য রপ্তানি বাণিজ্যে প্রবেশে বিভিন্ন ধাপ, রপ্তানি সংক্রান্ত দলিলাদি প্রস্তুতকরণ, রপ্তানি নিষিদ্ধ পণ্য ও শর্ত সাপেক্ষে রপ্তানি পণ্যের তালিকা, বাংলাদেশ হতে বিশ্ববাজারে রপ্তানি পণ্যের শুল্কমুক্ত প্রবেশাধিকার সুবিধা প্রাপ্তিতে রুলস অব অরিজিন শর্ত প্রতিপালন, কমপ্লায়েন্স শর্ত, রপ্তানি বাজারের বিধি-বিধান এবং আমদানি সংক্রান্ত বিভিন্ন তথ্য সংযোজন করা হয়েছে। আশাকরি, একজন নতুন রপ্তানিকারক ও আমদানিকারক এই বইটির মাধ্যমে উপকৃত হবে।

আন্তর্জাতিক বাণিজ্য নির্দেশিকার বর্তমান সংস্করণটি রপ্তানি ও আমদানি সংক্রান্ত তথ্য হালনাগাদ ও যুগোপযোগী করে প্রকাশ করা হয়েছে। বইটি নতুন উদ্যোক্তা, রপ্তানিকারক, রপ্তানি সহায়ক প্রতিষ্ঠান, গবেষক ও শিক্ষার্থীদের জন্য সহায়ক হবে বলে আমার দৃঢ় বিশ্বাস। আমি এই আন্তর্জাতিক বাণিজ্য নির্দেশিকা প্রণয়নের সাথে সম্পর্কিত সকলকে ধন্যবাদ জানাচ্ছি। ভবিষ্যতে বইটির গুণগতমান আরো বৃদ্ধি ও তথ্যগত সমৃদ্ধির বিষয়ে গঠনমূলক সমালোচনা ও অনুসন্ধিৎসু পাঠকের পরামর্শ কৃতজ্ঞতার সাথে গৃহীত হবে।

# সূচিপত্র


| ক্র.নং | শিরোনাম | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ০১ | বাংলাদেশের আর্থ সামাজিক নির্দেশকসমূহ | ০৫ |
| ০২ | রপ্তানি সম্পর্কিত ধারণা, রপ্তানিকারক কে, রপ্তানিতে বিধি-বিধান | ০৬ |
| ০৩ | রপ্তানিযোগ্য পণ্য, রপ্তানি নিষিদ্ধ পণ্যের তালিকা | ০৭ |
| ০৪ | শর্ত সাপেক্ষে রপ্তানি পণ্যের তালিকা | ০৯ |
| ০৫ | রপ্তানি বাণিজ্যে প্রবেশে মৌলিক বিবেচ্য বিষয় | ১১ |
| ০৬ | শুল্কমুক্ত/অগ্রাধিকারমূলক বাণিজ্য সুবিধা | ১২ |
| ০৭ | রুলস অব অরিজিন, সার্টিফিকেট অব অরিজিন | ১৬ |
| ০৮ | রপ্তানি সংশ্লিষ্ট লাইসেন্স সংগ্রহ্ ও আবেদন প্রক্রিয়া | ২০ |
| ০৯ | রপ্তানি সংক্রান্ত দলিলাদি | ২৫ |
| ১০ | বিক্রয়/রপ্তানি চুক্তিপত্র, কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিষ্ট | ২৬ |
| ১১ | বাণিজ্যে আর্থিক সহায়তা | ৩০ |
| ১২ | সফল রপ্তানিকারক হিসেবে প্রতিষ্ঠিত হতে করনীয় | ৩২ |
| ১৩ | রপ্তানি বাণিজ্যে বর্জনীয় দিক | ৩২ |
| ১৪ | রপ্তানিকারককে ব্যুরোর সহযোগিতা | ৩৩ |
| ১৫ | রপ্তানি সংক্রান্ত সহায়ক মন্ত্রণালয়/সংস্থা | ৩৪ |
| ১৬ | রপ্তানি পণ্যের অনুমোদিত পরীক্ষাগার | ৩৫ |
| ১৭ | বাংলাদেশের প্রধান প্রধান রপ্তানি খাতের তালিকা | ৩৬ |
| ১৮ | সেবা খাত | ৩৮ |
| ১৯ | HS কোড কি? গুরুত্ব, ব্যবহার ও কিভাবে পাওয়া যাবে | ৩৯ |
| ২০ | কাস্টমস ট্যারিফ কি? এর বৈশিষ্ট্য | ৪০ |
| ২১ | ফ্রেইট ফরওয়ার্ডার কি? GAP-Good, Embassy Signature | ৪১ |
| ২২ | আমদানি সংক্রান্ত তথ্য | ৪৩ |
| ২৩ | রপ্তানি উন্নয়ন ব্যুরোর কার্যক্রম, নীতি ও পরিকল্পনা বিভাগ | ৫০ |
| ২৪ | পণ্য উন্নয়ন বিভাগ | ৫১ |
| ২৫ | তথ্য ও প্রকাশনা, মেলা ও প্রদর্শনী বিভাগ | ৫২ |
| ২৬ | প্রশাসন বিভাগ, বস্ত্র বিভাগ | ৫৩ |
| ২৭ | বাংলাদেশ চায়না ফ্রেন্ডশীফ এক্সিবিশন সেন্টার | ৫৪ |
| ২৮ | ব্যুরোর আঞ্চলিক ও শাখা অফিস সমূহ | ৫৪ |

# বাংলাদেশের আর্থ-সামাজিক নির্দেশকসমূহ

| | |
|---|---|
| রাষ্ট্রীয় নাম | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ |
| অবস্থান ও সীমানা | ভারত, বঙ্গোপসাগর ও মায়ানমার বেষ্টিত দক্ষিণ এশিয়ায় |
| সরকার | সংসদীয় পদ্ধতির সরকার |
| মোট আয়তন | ১,৪৭,৫৭০ বর্গকিলোমিটার |
| জনসংখ্যা (২০২২ সালের প্রাক্কলিত) | ১৬৯.৮৩ মিলিয়ন |
| জনসংখ্যা বৃদ্ধির হার (২০২২ সালের প্রাক্কলিত) | ১.৩% |
| স্বাক্ষরতার হার, ২০২৩ বিবিএস(৭ বছর+) | ৭৭.৯% |
| স্থানীয় সময় | গ্রীনিচমান সময়+৬ ঘন্টা |
| মুদ্রার বিনিময় হার (সময়ে সময়ে পরিবর্তন হয়) | ১ মার্কিন ডলার=১২৪.৪৯ টাকা<br>১ ইউরো=১৩৪.৪৩ টাকা |
| অফিসিয়াল ভাষা | বাংলা ও ইংরেজি |
| আন্তজার্তিক বিমান বন্দর | ঢাকা, চট্টগ্রাম ও সিলেট |
| সমুদ্র বন্দর | চট্টগ্রাম, মোংলা ও পায়রা |
| মাথাপিছু জাতীয় আয় (জিডিপি) | ২৭৮৪ (মার্কিন ডলার) |
| জিডিপি'র প্রবৃদ্ধিরহার (২০২৪) | ৬.১২% |
| মোট রপ্তানি (২০২৩-২০২৪) | ৫১১১৪.১৫ মিলিয়ন মার্কিন ডলার |
| মোট আমদানি (২০২৩-২০২৪) | ৭২৬১৬.৭০ (প্রাঃ) মিলিয়ন মার্কিন ডলার |
| রপ্তানি প্রবৃদ্ধির হার (২০২৩-২০২৪) | ৫.২২% |
| আমদানি বিল পরিশোধে রপ্তানির অবদান (২০২২-২০২৩) | ৭০.৩৯% |
| প্রধান প্রধান রপ্তানি পণ্য | তৈরি পোশাক (নিট ও ওভেন), হিমায়িত খাদ্য (চিংড়ি ও মাছ), চামড়া, ফুটওয়্যার ও চামড়াজাত পণ্য, সফটওয়্যার ও আইটি এনেবল সার্ভিস, পাট ও পাটজাত পণ্য, কৃষিজাত পণ্য, চা, সিরামিকস, টেক্সটাইল ফেব্রিক্স, ফার্মাসিউটিক্যালস, হোম টেক্সটাইল, রাসায়নিক দ্রব্য, হালকা প্রকৌশলজাত দ্রব্য, বাই-সাইকেল, হস্তশিল্প, পেট্রোলিয়াম জাত দ্রব্য প্রভৃতি। |
| প্রধান প্রধান রপ্তানি গন্তব্য | ইউএসএ, ইইউ ভূক্ত দেশ সমূহ, যুক্তরাজ্য, চীন, ভারত, জাপান, দক্ষিণ কোরিয়া, কানাডা, অস্ট্রেলিয়া, তুরস্ক, রাশিয়া, মালয়েশিয়া, হংকং, তাইওয়ান, চিলি, থাইল্যান্ড, ইন্দোনেশিয়া, সৌদি আরব, ইউএই প্রভৃতি। |
| রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল | ০৮টি এবং ০৩ টি প্রস্তাবিত |
| বিশেষ অর্থনৈতিক অঞ্চল | ২২টি |
| হাইটেক পার্ক | ০৩টি |
| সফটওয়্যার টেকনোলজি পার্ক | ০৩টি এবং জেলা পর্যায়ে ১২টি নির্মাণাধীন। |

# রপ্তানি সম্পর্কিত ধারণা

বাংলাদেশ ফরেন এক্সচেঞ্জ রেগুলেশন এ্যাক্ট ১৯৪৭এর আলোকে 'রপ্তানি' বলতে বুঝায়-

## ০১। রপ্তানি কি?

ক) বাংলাদেশ থেকে বহির্বিশ্বের কোন স্থানে দৃশ্যমান/ভৌত বা অদৃশ্যমান অথবা উভয় প্রকার পণ্য প্রেরণ;

খ) বাংলাদেশে নিবাসী কোন ব্যক্তি দ্বারা বাংলাদেশের বাইরের কোন ব্যক্তি/প্রতিষ্ঠানকে সেবা প্রদান; এবং

গ) বাংলাদেশে অবস্থিত রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল, সকল অর্থনৈতিক অঞ্চল ও হাইটেক পার্ক কিংবা ঘোষিত কোন বিশেষ অঞ্চল-এর কোন প্রতিষ্ঠানের নিকট বৈদেশিক মুদ্রার বিপরীতে পণ্য বা কাঁচামাল বা অদৃশ্যমান সেবা সামগ্রী বিক্রয় করা।

## ০২। রপ্তানিকারক কে/কারা হতে পারেন

রপ্তানি বাণিজ্যের উদ্দেশ্যে নিজস্ব কারখানায় উৎপাদিত পণ্য অথবা স্থানীয়ভাবে অন্য ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সংগৃহীত পণ্য নিজ দেশ থেকে অন্য দেশে প্রেরণ কাজে নিয়োজিত ব্যক্তি/উদ্যোক্তা/শিল্প প্রতিষ্ঠান-কে রপ্তানিকারক বলে। এক্ষেত্রে যে দেশ হতে পণ্য প্রেরণ করা হয় তাকে রপ্তানিকারক দেশ বলা হয়। পণ্যের আন্তর্জাতিক চলাচলে পণ্য প্রেরক একজন রপ্তানিকারক এবং পণ্য ক্রেতা/গ্রহণকারী একজন আমদানিকারক। রপ্তানিকারক মূলতঃ তিন ধরণের যথা: উদ্যোক্তা রপ্তানিকারক, বাণিজ্যিক রপ্তানিকারক এবং প্রচ্ছন্ন রপ্তানিকারক।

## ০৩। পণ্য রপ্তানিতে প্রতিপালনীয় বিধি-বিধান

বাংলাদেশ হতে পণ্য রপ্তানির ক্ষেত্রে রপ্তানি নীতিতে বর্ণিত অথবা এতদবিষয়ক অন্য কোন আইনে বর্ণিত শর্তাবলী, বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বৈদেশিক মুদ্রা বিনিময় সংক্রান্ত বিধি-বিধান ও নিয়মাবলী পালন। এছাড়া পণ্য বা সেবা রপ্তানির ক্ষেত্রে আমদানিকারক বা আন্তর্জাতিক বাজারে পণ্যের কাঙ্ক্ষিত মান এবং সর্বোচ্চ ব্যবসায়িক নৈতিকতা (business ethics) অনুসরণ। এক্ষেত্রে পণ্য রপ্তানিতে প্রতিপালনীয়

বিধি-বিধান সময় সময়ে জারিকৃত রপ্তানি নীতি ও আমদানি নীতি আদেশ এর পাশাপাশি আমদানীকারক দেশের অবশ্য পালনীয় বিধি-বিধান সম্পর্কে জানা প্রয়োজন।

## ০৪। রপ্তানিযোগ্য পণ্য

সরকারি কোন আইন/বিধি/নীতিমালা/ প্রজ্ঞাপনে ভিন্নরূপ উল্লিখিত না হলে, রপ্তানি নীতিতে উল্লিখিত রপ্তানি নিষিদ্ধ পণ্য এবং শর্ত সাপেক্ষ রপ্তানি পণ্য, যা কতিপয় বিধান পালন সাপেক্ষে রপ্তানি করা যায়, সে সকল পণ্য ব্যতীত অন্যান্য পণ্য অবাধে রপ্তানিযোগ্য হবে।

## ০৫। রপ্তানি নিষিদ্ধ পণ্যের তালিকা (রপ্তানি নীতি ২০২৪-২০২৭ এর আলোকে মুদ্রিত)

৫.১

৫.১.১ প্রাকৃতিক গ্যাস উদ্ভূত পেট্রোলিয়াম ও পেট্রোলিয়ামজাত পণ্য (যথাঃ ন্যাপথা, ফারনেস অয়েল, লুব্রিক্যান্ট অয়েল, বিটুমিন, কনডেনসেট, এমটিটি ও এমএস) ব্যতিরেকে সকল পেট্রোলিয়াম ও পেট্রোলিয়ামজাত দ্রব্য। তবে প্রডাকশন শেয়ারিং কন্ট্রাক্ট-এর আওতায় বিদেশী বিনিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক চুক্তি মোতাবেক তাদের হিসাবের পেট্রোলিয়াম ও এলএনজি রপ্তানির ক্ষেত্রে এই নিষেধাজ্ঞা প্রযোজ্য।

৫.১.২ রপ্তানি নিষিদ্ধ ও শর্ত সাপেক্ষে রপ্তানিযোগ্য পণ্য ব্যতীত ব্যক্তিগত মালামালের অতিরিক্ত হিসেবে বাংলাদেশে তৈরি ২০০ (দুই শত) মার্কিন ডলার মূল্যমানের পণ্য কোন যাত্রী বিদেশে যাওয়ার সময় তার সঙ্গীয় ব্যাগেজে (accompanied baggage) সাথে নিতে পারবেন। এরূপে বিদেশে নেয়া পণ্যের বিপরীতে শুল্ক কর প্রত্যর্পণ/ সমন্বয়, ভর্তুকি ইত্যাদি সুযোগ-সুবিধা প্রদানযোগ্য হবে না।

৫.২ পাটবীজ ও শনবীজ।

৫.৩ চাল (সরকার হতে সরকার পর্যায়ে চাল এবং সুগন্ধি চাল ব্যতীত)।

৫.৪ ২০১২ সালের বন্য প্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন (২০১২ সনের ৩০ নং আইন) এর ধারা ২৯ অনুযায়ী কোন ব্যক্তি-

৫.৪.১ বহির্গমন শুল্ক বন্দর ব্যতীত অন্য কোন পথে;

৫.৪.২ প্রযোজ্য ক্ষেত্রে, সাইটিস (CITES) সার্টিফিকেট ব্যতীত; এবং

৫.৪.৩ লাইসেন্স ব্যতীত-কোন বণ্যপ্রাণী বা তার অংশ, ট্রফি, অসম্পূর্ণ ট্রফি, অথবা তফসিল ৪ এ উল্লিখিত উদ্ভিদ বা তার অংশ বা তা হতে উৎপন্ন দ্রব্য রপ্তানি বা পুনঃ রপ্তানি করতে পারবেন না।

৫.৫ আগ্নেয়াস্ত্র, গোলাবারুদ ও সংশ্লিষ্ট উপকরণ।

৫.৬ তেজস্ক্রিয় পদার্থ।

৫.৭ পুরাতাত্ত্বিক দুর্লভ বস্তু।

৫.৮ মনুষ্য কঙ্কাল অথবা মনুষ্য অথবা মনুষ্য রক্ত দ্বারা উৎপাদিত অন্য কোন সামগ্রী।

৫.৯ সকল প্রকার ডাল (প্রক্রিয়াজাত ডাল ব্যতীত)।

৫.১০ চিল্ড (chilled), হিমায়িত ও প্রক্রিয়াজাত ব্যতীত অন্যান্য চিংড়ি।

৫.১১ পেঁয়াজ, রসুন ও আদা।

৫.১২

৫.১২.১ সকল প্রকার প্রক্রিয়াকৃত ৬১/৭০ কাউন্ট/পাউন্ড এর চেয়ে ছোট আকারের গলদা চিংড়ি (*Macrobrachium rosenbergii*);

৫.১২.২ ৭১/৯০ কাউন্ট/পাউন্ড এর চেয়ে ছোট আকারের বাগদা চিংড়ি (*Penaeus monodon*)।

৫.১২.৩

i. ১০০/২০০কাউন্ট/পাউন্ড এর চেয়ে ছোট আকারের হরিণা বা খড় খড়ে বা ব্রাউন (*Metapenaeus Monoceros*) সাগা বা ইয়োলো (*Metapenaeus brevicornis*) চাকা বা হোয়াইট (*Fenneropenaeus indicus*) চিংড়ি;

ii. PUD, cooked ব্যতীত সকল প্রকার প্রকিয়াকৃত ১০০/২০০ কাউন্ট/পাউন্ড PUD, cooked ৩০০/৫০০ কাউন্ট/পাউন্ড এর চেয়ে ছোট আকারের বাগতারা বা ক্যাট টাইগার বা রেইনবো (*Parapenaeopsis sculptilis*) ও চামনা বা রেড টাইগার বা কিড্ডি বা কোরোমান্ডেল (*Parapenaeopsis stylifera*) চিংড়ি।

৫.১৩ বেত, কাঠ ও কাঠের গুড়ি/স্থূল কাষ্ঠ খন্ড (এই সব দ্বারা প্রস্তুতকৃত হস্তশিল্প সামগ্রী ব্যতীত)। তবে বনশিল্প কর্পোরেশন এর রাবার কাঠ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকায় অবস্থিত ফার্নিচার শিল্পের উপাদান হিসেবে রপ্তানি করা যাবে যা প্রচ্ছন্ন রপ্তানি হিসেবে বিবেচিত হবে। উক্ত ফার্নিচার শিল্পসমূহকে বর্ণিত কাঠ দিয়ে প্রস্তুতকৃত ফার্নিচার রপ্তানির হিসাব সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।

৫.১৪ সকল প্রজাতির ব্যাঙ (জীবিত অথবা মৃত) ও ব্যাঙের পা।

## ০৬। শর্ত সাপেক্ষে রপ্তানি পণ্যের তালিকা (রপ্তানি নীতি ২০২৪-২০২৭ এর আলোকে মুদ্রিত)

৬.১ সয়াবিন তেল, পাম অয়েল।

৬.২ ইউরিয়া ফার্টিলাইজার-কাফকো ব্যতীত অন্যান্য ফ্যাক্টরিগুলিতে প্রস্তুতকৃত ইউরিয়া ফার্টিলাইজার শিল্প মন্ত্রণালয়ের অনুমতির ভিত্তিতে রপ্তানি করা যাবে।

৬.৩ বিনোদনমূলক অনুষ্ঠান, গান, নাটক, ছায়াছবি, প্রামাণ্য চিত্র ইত্যাদি অডিও ক্যাসেট, ভিডিও ক্যাসেট, সিডি, ডিভিডি, পেনড্রাইভ, মেমোরিকার্ড ইত্যাদি ফর্মে তথ্য মন্ত্রণালয়ের অনাপত্তি সাপেক্ষে রপ্তানি করা যাবে।

৬.৪ প্রাকৃতিক গ্যাস উদ্ভূত পেট্রোলিয়াম ও পেট্রোলিয়ামজাত পণ্য (যথাঃ- ন্যাপথা, ফারনেস অয়েল, বিটুমিন, কনডেনসেট, এমটিটি ও এমএস) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অনাপত্তি সাপেক্ষে রপ্তানি করা যাবে। তবে কোন প্রকার শর্ত ব্যতিরেকে লুব্রিকেটিং অয়েল রপ্তানি করা যাবে এবং এ ক্ষেত্রে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগকে রপ্তানির পরিমাণ বিষয়ক তথ্য অবগত করতে হবে।

৬.৫ রাসায়নিক অস্ত্র (নিষিদ্ধকরণ) আইন, ২০০৬ এর তফসিল ১, ২ ও ৩ এ বর্ণিত রাসায়নিক দ্রব্যাদি উক্ত আইনের ৯ ধারার বিধান মোতাবেক রপ্তানি নিষিদ্ধ বা রপ্তানিযোগ্য হবে।

৬.৬ চিনি।

৬.৭ ইলিশ মাছ।

৬.৮ সুগন্ধি চাল ("সুগন্ধি চাউল" অর্থ কালজিরা, কালজিরা টিপিএল-৬২, চিনিগুড়া, চিনি আতপ, চিনিকানাই, বাদশাভোগ, কাটারিভোগ, মদনভোগ, রাধুনীপাগল, বাঁশফুল, জটাবাঁশফুল,বিন্নাফুল, তুলশীমালা, তুলশী আতপ, তুলশীমনি, মধুমালা, খোরমা, সাককুর খোরমা, নুনিয়া, পশুশাইল, বিআর-৫ (দুলাভোগ), ব্রিধান-৩৪, ব্রিধান-৩৭, ব্রিধান-৩৮, ব্রিধান-৫০, অন্তর্ভূক্ত হবে এসআরও ১৪৯-আইন/২০১৪ অনুসারে। এছাড়া, সরকার কর্তৃক সময় সময়ে "সুগন্ধি চাউল" হিসেবে ঘোষিত অন্য যে কোন চাউল ইহার অন্তর্ভূক্ত হবে)।

৬.৯ মোটা দানার মুগডাল।

৬.১০ গবেষণার উদ্দেশ্যে রক্তের পাজমা।

৬.১১ বাণিজ্যিক ভিত্তিতে ব্যক্তিগত বা যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত খামারে উৎপাদিত কুমিরের কাঁচা চামড়া ও মাংস পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সম্মতি/ অনাপত্তির ভিত্তিতে বাণিজ্য মন্ত্রণালয় রপ্তানির অনুমতি প্রদান করবে।

৬.১২ ভ্যাট রেজিস্ট্রেশনের আওতায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক স্বীকৃত ব্যাটারি রি-সাইক্লিং প্লান্ট হতে উৎপাদিত Re-melted Lead রপ্তানিযোগ্য হবে।

৬.১৩ ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৪ ও পরবর্তী সংশোধন-সমূহ অনুসরণ ও পরিবেশ অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে রিকভারি, রিক্লেই-মিং বা রিসাইক্লিংকৃত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য রপ্তানিযোগ্য হবে।

৬.১৪ বন্ডেড ওয়্যারহাউস সুবিধার আওতায় আমদানিকৃত চামড়া ইটিপির মাধ্যমে তরল ও কঠিন বর্জ্য ব্যবস্থাপনার আওতায় পরিবেশবান্ধব উপায়ে প্রক্রিয়াকরণ করে পুন:রপ্তানি করা যাবে।

৬.১৫ বালু।

৬.১৬ কাঁচা, ওয়েট-ব্লু চামড়া কেস-টু-কেস ভিত্তিতে রপ্তানিযোগ্য।

## ০৭। রপ্তানি বাণিজ্যে প্রবেশে মৌলিক বিবেচ্য বিষয়




**এছাড়া রপ্তানির পূর্বে রপ্তানিকারককে বাজারের তথ্য সংগ্রহ ও বিশ্লেষণের ক্ষেত্রে প্রধানতঃ যেসকল বিষয়াদি বিবেচনা করা প্রয়োজন:**

০১ সংশ্লিষ্ট দেশের অর্থনৈতিক সক্ষমতা
০২ সে দেশের জনসংখ্যা
০৩ মাথাপিছু জিডিপি (ক্রয় ক্ষমতার নির্ণায়ক)
০৪ বাণিজ্যের পরিমাণ: ক) আমদানি; খ) রপ্তানি
০৫ প্রধান প্রধান বাণিজ্য অংশীদার
০৬ প্রধান প্রধান রপ্তানি পণ্য
০৭ প্রধান প্রধান আমদানি পণ্য
০৮ পণ্যের বাজারের আকার
০৯ বাজারের প্রবণতা
১০ ভোক্তা আচরণ, ধর্ম, কৃষ্টি ও সংস্কৃতি
১১ পণ্যের চাহিদাসহ বাজারের অংশের বিশ্লেষণ
১২ বর্তমান সরবরাহকারী (যদি থাকে)
১৩ গুণগত মান ও স্ট্যান্ডার্ড প্রতিপালনের প্রয়োজনীয়তা
১৪ শুল্ক হার কাঠামো
১৫ নিষিদ্ধ এবং শর্তসাপেক্ষ পণ্য
১৬ অর্থনৈতিক বা অন্যান্য নিষেধাজ্ঞা।

৭.১ Trade Barriers: বাণিজ্য বাধা হল আন্তর্জাতিক বাণিজ্যে সরকার-প্ররোচিত বিধিনিষেধ। তুলনামূলক সুবিধার তথ্য অনুসারে, বাণিজ্য বাধা বিশ্ব অর্থনীতির জন্য ক্ষতিকর এবং সামগ্রিক অর্থনৈতিক দক্ষতা হ্রাস করে।



৭.২ Export Risks and insurance: পণ্য বা পরিষেবায় রপ্তানিকারক হিসাবে সচেতন হতে হবে এবং ঝুঁকির বিরুদ্ধে বীমা করার বিষয়টি বিবেচনা করতে হবে। যেমন-ট্রানজিটে পণ্যের ক্ষতি, পণ্য বা পরিষেবার জন্য পেমেন্ট, বিদেশের কোনো ক্রেতা পণ্য গ্রহণ করতে অস্বীকার করে এমন কোনো পণ্য ফেরত দেওয়ার খরচ, ক্রেতার দেশে রাজনৈতিক বা অর্থনৈতিক অস্থিতিশীলতা, মুদ্রার বিনিময় হার ওঠানামা করা ইত্যাদি। আমদানিকারকের জন্য যা বিবেচনায় নিতে হবে। যেমন-ট্রানজিটে পণ্যের সম্ভাব্য ক্ষতি, সরবরাহে ব্যর্থতাসহ সরবরাহকারীর সমস্যা, বন্দরে পরিবহন বিলম্ব এবং সম্ভাব্য হোল্ড আপ, কর্মক্ষমতা বা স্বাস্থ্য এবং নিরাপত্তা সমস্যা ঝুঁকি, আমদানি শুল্ক, বন্ডেড গুদামে পণ্য সংরক্ষণ, মুদ্রার বিনিময় হার ওঠানামা ইত্যাদি।

## ৮। শুল্কমুক্ত/অগ্রাধিকারমূলক বাণিজ্য সুবিধা

বাংলাদেশ মূলত: দুই ধরণের বাজারে পণ্য রপ্তানি করে থাকে। একটি হলো শুল্কমুক্ত প্রবেশাধিকার সুবিধা প্রাপ্ত দেশে রপ্তানি এবং অপরটি হলো শুল্কমুক্ত সুবিধা ব্যতীত দেশে রপ্তানি। বাংলাদেশ স্বল্পোন্নত দেশ হিসেবে উন্নত ও অগ্রগামী উন্নয়নশীল দেশগুলোর কাছ থেকে শুল্কমুক্ত বাজার সুবিধা পাচ্ছে, যা শুল্কমুক্ত রপ্তানির সুবিধা প্রদানকারী দেশগুলোর মধ্যে ইউরোপিয়ান ইউনিয়নভুক্ত (EU) ২৭টি দেশ, যুক্তরাজ্য, জাপান, কানাডা, চীন, অষ্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, নরওয়ে, চিলি, সুইজারল্যান্ড, বেলারুশ, রাশিয়া, থাইল্যান্ড, দক্ষিণ কোরিয়া, ভারত এবং তুরস্ক অন্যতম। এসব দেশে বিনা-শুল্কে বাংলাদেশের পণ্য রপ্তানি করা যায়, যার সুযোগ রপ্তনিক-ারকগণ গ্রহণ করতে পারেন। এছাড়া কতিপয় আঞ্চলিক মুক্ত বাণিজ্য চুক্তি (FTA) এবং অগ্রাধিকার বাণিজ্য চুক্তি (PTA) যথা: SAFTA, SAPTA, APTA, TPS-OIC, D-8 PTA, Bangladesh-Bhutan PTA এর আওতায় বাংলাদেশের রপ্তানিকারকগণ চুক্তিভুক্ত দেশে বিনা শুল্কে বা

হ্রাসকৃত শুল্কে রপ্তানি করতে পারে। শুল্কমুক্তভাবে পণ্য রপ্তানিতে নির্দিষ্ট রুলস অব অরিজিন শর্ত প্রতিপালন করতে হয়। এসকল শুল্কমুক্ত পণ্যের তালিকা ও রুলস অফ অরিজিন বাণিজ্য মন্ত্রণালয় এবং রপ্তানি উন্নয়ন ব্যুরোর ওয়েবসাইটে পাওয়া যাবে। নিম্নে বিভিন্ন দেশ প্রদত্ত Duty Free Quota Free (DFQF) সুবিধার তালিকা বর্ণনা করা হলোঃ

| SL | Name of the Countries | Number of products |
|---|---|---|
| GSP Facilities (1-11) | | |
| 1 | EU Countries | All products (Except Arms and ammunition) |
| 2 | UK | All products (Except Arms and ammunition) |
| 3 | Australia | All products (Except Arms and ammunition) |
| 4 | New Zealand | All products (Except Arms and ammunition) |
| 5 | Norway | All products (Except Arms and ammunition) |
| 6 | Switzerland | All products (Except Arms and ammunition) |
| 7 | Canada | All products (Except Arms and ammunition, dairy, poultry, eggs) |
| 8 | Turkey | All Industrial products (cap.25-97) except cap. 93) and for some agricultural products. |
| 9 | Japan | All products (Except Arms, Ammunition, Hand Leather gloves) |
| 10 | Russian Federation (Russia, Belarus, Kazakhstan) | 71 products |
| 11 | Iceland | All products (Except Meat and dairy products, eggs, vegetables and plants, cereals and starch, other food preparation) |

## SAFTA Agreement (12-18)

| | | |
|---|---|---|
| 12 | India | All products (Except alcohol & tobacco) |
| 13 | Pakistan | All products (Except 936 products) |
| 14 | Maldives | All products (Except 154 products) |
| 15 | Bhutan | All products (Except 150 products) |
| 16 | Afghanistan | All products (Except 850 products) |
| 17 | Sri Lanka | 925 products |
| 18 | Nepal | 1050 products |

## APTA Agreement (19-23)

### China

| | | |
|---|---|---|
| 19 | General Concession | 2191 products |
| | Special Concession for LDC's | 181 products |

### India

| | | |
|---|---|---|
| 20 | General Concession | 3142 products |
| | Special Concession for LDC's | 48 products |

### Lao PDR

| | | |
|---|---|---|
| 21 | General Concession | 999 products |
| | Special Concession for LDC's | - |

### Republic of Korea

| | | |
|---|---|---|
| 22 | General Concession | 2797 products |
| | Special Concession for LDC's | 951 products |

# Sri Lanka

| | | |
|---|---|---|
| 23 | General Concession | 561 products |
| | Special Concession for LDC's | 75 products |

D-8 Countries (24-29)

| | | |
|---|---|---|
| 24 | Pakistan | 417 products |
| 25 | Turkey | 87 products |
| 26 | Nigeria | 177 products |
| 27 | Malaysia | 228 products |
| 28 | Iran | 296 products |
| 29 | Indonesia | 165 products |

TPS-OIC(30-35)

| | | |
|---|---|---|
| 30 | Pakistan | 224 products |
| 31 | Morocco | 338 products |
| 32 | Malaysia | 191 products |
| 33 | Jordan | 183 products |
| 34 | Turkey | 698 products |
| 35 | Iran | 259 products |

Others Countries (DFQF) (36-40)

| | | |
|---|---|---|
| 36 | China | 8930 products |
| 37 | Chile | all products (Except Wheat, wheat flour and sugar) |
| 38 | Thailand | 6998 products |
| 39 | Bangladesh-Bhutan PTA | 100 products |
| 40 | Republic of Korea | 4802 products |

Duty Free Tariff Preference (DFTP)

| | | |
|---|---|---|
| 41 | India | 114 products (different rate of tariff concession) |

## ০৯। রুলস্ অব অরিজিন (Rules of Origin)

রুলস্ অফ অরিজিন বলতে মূলতঃ পণ্যটি কোন দেশে তৈরি বা উৎপাদিত তা বুঝায়। আন্তর্জাতিক বাণিজ্যে রুলস অফ অরিজিন এর মাধ্যমে পণ্যের Country of Origin (CoO) নির্ধারিত হয়। এটি একটি সুনির্দিষ্ট নির্ণায়কের (criteria) মাধ্যমে নির্ধারণ করা হয়। সাধারণত শিল্পজাত পণ্যের ক্ষেত্রে value addition criteria ব্যবহার করা হয়। এই value addition criteria ভিন্ন ভিন্ন চুক্তিতে ভিন্ন ভিন্ন হয়ে থাকে। রপ্তানি পণ্য উৎপাদনে আমদানিকৃত পণ্য ব্যবহারের ক্ষেত্রে ব্যবহৃত পণ্যের দেশীয় মূল্য সংযোজন হার Domestic Value Addition (DVA)/Cost break up নির্ণয়ের সূত্র নিম্নরূপ:

$$\frac{\textbf{FOB Value/ Ex-works price} - \textbf{Value of Non-Originating materials}}{\textbf{FOB Value/Ex-works price}} \times 100 = \quad \%$$

Non-Originating materials বলতে সাধারণভাবে রপ্তানিকৃত পণ্যের কাঁচামাল হিসেবে আমদানিকৃত কাঁচামালের মূল্যকে বুঝায়। তবে এর সুনির্দিষ্ট সংজ্ঞা সংশ্লিষ্ট চুক্তি অথবা দেশের বাণিজ্য বিধিতে বর্ণিত থাকে। FOB বলতে বুঝায় পণ্য উৎপাদন থেকে শুরু করে জাহাজে পৌছানো পর্যন্ত সকল খরচ-এর সাথে মুনাফা যুক্ত করে পণ্যের বিক্রয় মূল্য। Ex-works বলতে বুঝায় পণ্য উৎপাদন থেকে শুরু করে ফ্যাক্টরি গেইট পর্যন্ত যাবতীয় খরচের সাথে মুনাফাম যোগ করে পণ্যের বিক্রয় মূল্য।

## ১০। সার্টিফিকেট অব অরিজিন (CoO)

Certificate of Origin পণ্যের উৎপত্তিগত পরিচয় বহন করে। পণ্যের প্রস্তুত স্থান বা উৎপাদন স্থান নির্দিষ্ট কোন দেশে এবং এর সমর্থনে প্রদত্ত প্রত্যয়ন পত্রকে সার্টিফিকেট অব অরিজিন বলে। এ সার্টিফিকেটে আমদানিকারক ও রপ্তানিকারকের বিবরণ, পণ্যের মূল্য ও পরিমাণের বিস্তারিত বিবরণ, এইচএস কোড, পণ্য উৎপাদনের স্থান, গন্তব্যস্থল, সার্টিফিকেট প্রদানকারীর স্বাক্ষর ও সংস্থার সিলমোহর, বিলের কাগজপত্র ইত্যাদি উল্লেখ থাকে। আমদানিকারক কর্তৃক পণ্য খালাস করণের সুবিধার্থে Certificate of Origin এর একটি কপি পণ্যের সাথে আমদানিকারকের

নিকট প্রেরণ করা হয়। আমদানি ও রপ্তানি বাণিজ্য প্রক্রিয়ায় দু'ধরণের Certificate of Origin (CoO) ইস্যু করা হয়ে থাকে, যেমন-(১) Non-preferential Certificate of Origin এবং (২) Preferential Certificate of Origin (CoO)। তবে ইউরোপিয় ইউনিয়নের জন্য এটি Statement on Origin (SoO) হিসেবে অভিহিত। উভয় CoO/SoO পণ্যের Rules of Origin Criteria এর যথার্থতা প্রমাণের জন্য ব্যবহৃত হয়।

১০.১ Non-preferential Certificate of Origin/ Country of Origin Certificate

Non-preferential Certificate of Origin (CoO) পণ্যের Rules of Origin Criteria এর যথার্থতা প্রমাণের জন্য আমদানিকারক/ রপ্তানি-কারক দেশের শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হয় তবে এ ধরণের CoO এর বিপরীতে শুল্ক সুবিধা প্রদান করা হয় না। World Trade Organization (WTO)-এর গাইডলাইন অনুযায়ী সাধারণত wholly obtained product এর ক্ষেত্রে পণ্যের Origin criteria নির্ণয়ে এটি বেশি ব্যবহৃত হয়। তবে কোন কোন ক্ষেত্রে Manufactured Product-এর Origin criteria নির্ণয়েও ব্যবহৃত হতে দেখা যায়। বাংলাদেশে বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন প্রাপ্ত বিভিন্ন চেম্বার ও কতিপয় বণিক সমিতি Non-preferential Certificate of Origin (CoO) ইস্যু করে থাকে যা Country of Origin Certificate নামে পরিচিত। Country of Origin Certificate ইস্যুর জন্য অনুমোদন প্রাপ্ত প্রধান প্রধান কয়েকটি চেম্বার ও এসোসিয়েশন নিম্নরূপঃ




| | |
|---|---|
| ১০.১.১ | ঢাকা চেম্বার অব কর্মাস এন্ড ইন্ডাস্ট্রি; |
| ১০.১.২ | মেট্রপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি,ঢাকা |
| ১০.১.৩ | চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি; |
| ১০.১.৪ | চট্টগ্রাম মেট্রপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি; |
| ১০.১.৫ | রাজশাহী চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি; |
| ১০.১.৬ | খুলনা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি; |
| ১০.১.৭ | সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি; |
| ১০.১.৮ | নারায়ণগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি; |
| ১০.১.৯ | বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রি; |
| ১০.১.১০ | বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ); এবং |
| ১০.১.১১ | বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ)। |

## ১০.২ Preferential Certificate of Origin

সরকার কর্তৃক Competent Authorit হিসেবে রপ্তানি উন্নয়ন ব্যুরো এই সার্টিফিকেট ইস্যু করে থাকে। এ CoO সংশ্লিষ্ট দেশের রপ্তানিকারক কর্তৃক পণ্যের Rules of Origin Criteria প্রতিপালনের নিশ্চয়তা বিধান করে এবং এর বিপরীতে সংশ্লিষ্ট আমদানিকারক দেশের পণ্য আমদানিতে শুল্কমুক্ত সুবিধা পেয়ে থাকেন। এ সুবিধা নির্দিষ্ট Unilateral/ Bilateral/Multilateral Trade Agreement এর মাধ্যমে প্রদান করা হয় । এ ক্ষেত্রে নির্দিষ্ট AgreementGi Format অনুযায়ী Preferential Certificate of Origin ইস্যু হয়ে থাকে। উক্ত Preferential Certificate of Origin (CoO) এর Format শুল্ক সুবিধাপ্রাপ্ত বা প্রদানকারী দেশের Competent Authority মুদ্রণ ও সরবরাহ করে থাকে। আবার এটি কোন কোন ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশের সরকার নির্ধারিত Competent Authority এর অনুমোদনের আলোকে রপ্তানিকারক নিজেই এমন ঘোষণাপত্র (Self Declaration) প্রদান করে।

## ১০.৩ INCOTERMS

INCOTERMS এর অর্থ হল International Commercial Terms hv International Cember of Commerce (ICC) কর্তৃক আমদানীকারক ও রপ্তানিকারক এর দায়িত্ব সুনির্দিষ্ট করতে যে শর্তাদি ব্যবহৃত হয়।




1. EXW — Ex works
2. FCA — Free Carreir
3. FAS — Free Alongside Shep
4. FOB — Free on Board
5. CFR — Cost and Freight
6. CIF — Cost , insurance & Fright
7. CPT — Carriage Paid to (Name Placed of Destination)
8. CIP — Carriage and insurance paid to
9. DAT — Delivered at Time
10. DAP — Delivered At Place
11. DDP — Delivery Duty Paid

Incoterms® 2020 Rules Responsibility Quick Reference Guide

IncoDocs



| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | Freight Collect Terms | | | | Freight Prepaid Te | | | |
| Groups | Any Mode or Modes of Transport | | Sea and Inland Waterway Transport | | | | Any Mode | |
| Incoterm® | EXW Ex Works (Place) | FCA Free Carrier (Place) | FAS Free Alongside Ship (Port) | FOB Free On Board (Port) | CFR Cost and Freight (Port) | CIF Cost Insurance & Freight (Port) | CPT Carriage Paid To (Place) | CIP Carriage & Insurance Paid to (Place) |
| Transfer of Risk | At Buyer's Disposal | On Buyer's Transport | Alongside Ship | On Board Vessel | On Board Vessel | On Board Vessel | At Carrier | At Carrier |

**INCOTERMS based on The point of Delivery:**

| INCOTERMS Name | Code | Points of Delivery |
|---|---|---|
| Ex works (Seller's Premeses or another Place) | EXW | Factory |
| Free Carreir (Name place of Delivery) | FCA | |
| Free Alongside Shep (Named post of Shipment) | FAS | First Carriest + Alongside Ship |
| Free on Board (Named post of Shipment) | FOB | On Board o Arrival Alongside Ship |
| Cost and Freesiht (Named post of Destination) | CFR | |
| Cost , insurance & Fright (Named post of Destination) | CIF | |
| Carriage Paid to (Name Placed of Destination) | CPT | |
| Carriage and insurance paid to | CIP | |
| Delivered at Time | DAT | Destination Place Buyer Warehouse |
| Delivered At Place | DAP | |
| Delivery Duty Paid | DDP | |

## ১১। রপ্তানি সংশ্লিষ্ট দলিলাদি/লাইসেন্স সংগ্রহ ও আবেদন প্রক্রিয়া

১১.১ ট্রেড লাইসেন্স (Trade License): ট্রেড লাইসেন্স করার জন্য সিটি কর্পোরেশন, পৌরসভা, ইউনিয়ন পরিষদ, জেলা বা উপজেলা পরিষদ বরাবরে আবেদন করতে হয়। একটি অফিস থেকে ট্রেড লাইসেন্স নিয়ে দেশব্যাপী ব্যবসা করা যায়। ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের

আওতায় অনলাইনে ০১ থেকে ০৫ বছর পর্যন্ত মেয়াদে ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন করা হয়। অনলাইনে আবেদন পদ্ধতি সম্পর্কে তথ্যাদি সাধারণত সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে উল্লেখ করা হয়েছে। যেমন: ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন হলে লিঙ্ক: http://erevenue.dncc.gov.bd/ এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন হলে লিঙ্ক হলো: http://116.68.194.158/cp/cportal/cp/ southcc.aspx

১১.২ ব্যবসায় চিহ্নিতকরণ সনদ (BIN):বর্তমানে উৎপাদন ও সেবামূলক প্রায় সকল ধরনের ব্যবসা প্রতিষ্ঠানের জন্য ভ্যাট রেজিস্ট্রেশন বা Business Identification Number (BIN) করা বাধ্যতামূলক। BIN বা ভ্যাট নিবন্ধন যাদের জন্য বাধ্যতামূলক করা হয়েছে, অনলাইনে বিন (BIN) নিবন্ধন পদ্ধতি, প্রয়োজনীয় কাগজপত্রাদি সম্পর্কিত লিঙ্ক হলোঃ www.vat.gov.bd

১১.৩ টিআইএন/ই-টিআইএন সার্টিফিকেট: টিআইএন (TIN)এর পূর্ণরূপ হচ্ছে Taxpayer's Identification Number.ই-টিন (E-TIN) হলো আয়কর নিবন্ধনের ডিজিটাল সংস্করন। টিআইএন বা টিন সার্টিফিকেট হচ্ছে একজন করদাতার পরিচয়পত্র। জাতীয় রাজস্ব বোর্ড বিনা মূল্যে ই-টিআইএন ইস্যু করে থাকে। অনলাইনে ইটিআইএন এর রেজিষ্ট্রেশনের লিঙ্ক হলো: https://secure.incometax.gov.bd/TIN-Home

১১.৪ এক্সপোর্টার রেজিস্ট্রেশন সার্টিফিকেট (ERC) এবং ইমপোর্টার রেজিষ্ট্রেশন সার্টিফিকেট (IRC): কোন ব্যবসায়ী বা শিল্প উদ্যোক্তা বিদেশ থেকে কাঁচামাল বা পণ্য আমদানি করতে চাইলে আবার দেশে উৎপাদিত পণ্য বিদেশে রপ্তানি করতে চাইলে তাঁর আমদানি ও রপ্তানি লাইসেন্স থাকা বাধ্যতামূলক। এই লাইসেন্স প্রদান ও নবায়ন সংক্রান্ত যথাযথ কর্তৃপক্ষ হলো: আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর। উক্ত দপ্তর এর Online Licensing Module (OLM) সফটওয়্যারের মাধ্যমে আবেদন দাখিল করে বাণিজ্যিক আমদানি নিবন্ধন সনদ (আইআরসি) এবং রপ্তানি নিবন্ধন সনদ (ইআরসি) গ্রহণ করতে হয়। বর্তমানে ০১

থেকে ০৫ বছর পর্যন্ত মেয়াদে ইআরসি ও আইআরসি গ্রহণ করা যায়। অনলাইনে এসংক্রান্ত আবেদনের নির্দেশিকা সম্পর্কিত লিঙ্ক হলো: www.ccie.gov.bd

## ১১.৫. রপ্তানি উন্নয়ন ব্যুরোতে রপ্তানি সংশ্লিষ্ট রেজিষ্ট্রেশন ও আবেদন প্রক্রিয়া

### ১১.৫.১ Exporter Management System (EMS)

বিশ্বের বিভিন্ন দেশ কর্তৃক প্রদত্ত পণ্যের শুল্কমুক্ত প্রবেশাধিকার সুবিধা গ্রহনের জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরো Preferential Certificate of Origin ইস্যু করে থাকে। উক্ত সুবিধা গ্রহণে পণ্যের Rules of Origin প্রতিপালনের Pre-Verification পদ্ধতি হিসেবে রপ্তানিকারক প্রতিষ্ঠানকে রপ্তানি উন্নয়ন ব্যুরোর নিবন্ধন নাম্বার গ্রহন করতে হয়। রপ্তানি উন্নয়ন ব্যুরোর টেক্সটাইল ও নন-টেক্সটাইল পণ্য খাতের রপ্তানিকারক প্রতিষ্ঠান নিবন্ধন ও নবায়ন কার্যক্রম অনলাইনে Exporter Management System (EMS)-এর মাধ্যমে সম্পন্ন করা যায়। এ পদ্ধতির মাধ্যমে অর্থবছর ভিত্তিক নিবন্ধন, ঠিকানা পরিবর্তন, নিবন্ধন নবায়ন সংক্রান্ত ফি প্রদান ও কম্পিউটার জেনারেটেড সার্টিফিকেট গ্রহণ করা হয়। নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে ১ থেকে ৫ অর্থ বছর পর্যন্ত মেয়াদে একজন রপ্তানিকারক নিবন্ধিত হতে পারে। ব্যুরোর এনরোলমেন্টের জন্য ইপিবির ওয়েবসাইটে প্রবেশ করে এর অভ্যন্তরীণ সেবার Exporter's Registration অথবা নির্ধারিত লিঙ্ক http://ems.epb.gov.bd/#/ ব্যবহার করে আবেদন করা যাবে। এ সংক্রান্ত user guide ওয়েব সাইটে দেয়া আছে। নিবন্ধনের জন্য অনলাইন আবেদনের সাথে দাখিলযোগ্য দলিলাদি নিম্নরূপ:

#### ১১.৫.১.১

তৈরী পোশাক ও বস্ত্রসামগ্রী রপ্তানিকারক প্রতিষ্ঠানসমূহের নতুন নিবন্ধনের জন্য প্রয়োজনীয় তথ্য:

**নিবন্ধনের জন্য প্রয়োজনীয় তথ্য**

- ০১ নিবন্ধন ফি টাঃ ৫,৭৫০/- (ভ্যাটসহঅনলাইনে প্রদেয়)
- ০২ ট্রেড লাইসেন্স;
- ০৩ ই আর সি;
- ০৪ বিজিএমইএ/বিকেএমইএ/ বিটিএমএ এর সদস্য সনদ;
- ০৫ ফায়ার সার্ভিস লাইসেন্স;
- ০৬ টিআইএন (TIN) সনদ;
- ০৭ বিনিয়োগ বোর্ডের নিবন্ধনপত্র/বস্ত্র অধিদপ্তরের অনুমোদন/ ইপিজেড (প্রযোজ্য ক্ষেত্রে);
- ০৮ বিল্ডিং তৈরির অনুমোদিত নকশার কপি/ অঙ্গীকারনামা;
- ০৯ বাড়ী ভাড়ার চুক্তিপত্র/নিজস্ব ভবনের দলিলপত্র;

১১.৫.১.২

তৈরী পোশাক ও বস্ত্রসামগ্রী রপ্তানিকারক প্রতিষ্ঠান সমূহের নিবন্ধন হালনাগাদ করণ/নবায়ন- এর জন্য প্রয়োজনীয় তথ্যঃ

- ০১ অনলাইনের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে নবায়ন ফি টাঃ-৩,৪৫০/- (ভ্যাটসহ);
- ০২ ট্রেড লাইসেন্স;
- ০৩ ই আর সি;
- ০৪ বিজিএমইএ/বিকেএমইএ/ বিটিএমএ এর সদস্য সনদ;
- ০৫ ফায়ার সার্ভিস লাইসেন্স (হালনাগাদ);



### ১১.৫.১.৩

**নন-টেক্সটাইল পণ্য রপ্তানিকারক প্রতিষ্ঠানসমূহের নতুন নিবন্ধন:**

- ০১ অনলাইন এর মাধ্যমে নিবন্ধন ফি টাঃ২,৩০০/-টাকা (ভ্যাটসহ প্রদান);
- ০২ ট্রেড লাইসেন্স;
- ০৩ ই আর সি;
- ০৪ টিআইএন সার্টিফিকেট
- ০৫ সংশ্লিষ্ট চেম্বার/সমিতির এর সদস্য সনদ;

### ১১.৫.১.৪

**নন-টেক্সটাইল পণ্য রপ্তানিকারক প্রতিষ্ঠানসমূহের নিবন্ধন নবায়ন:**

- ০১ অনলাইন এ নির্ধারিত সময়ের মধ্যে নবায়নফি টাঃ ১,১৫০/- (ভ্যাটসহ প্রদান);
- ০২ ট্রেড লাইসেন্স;
- ০৩ ই আর সি;
- ০৪ সংশ্লিষ্ট চেম্বার/পণ্য ভিত্তিক সমিতির সদস্য সনদ।


### ১১.৫.২

**Registered Exporter System (REX)**

ইউরোপীয় ইউনিয়ন-এরজিএসপি স্কীম অনুযায়ী ইউনিয়নভুক্ত ২৭টি দেশ,নরওয়ে, সুইজারল্যান্ড ও তুরস্কে পণ্য রপ্তানিতে শুল্কমুক্ত সুবিধা প্রাপ্তির লক্ষ্যে রপ্তানিকারকদের Registered Exporter System (REX)-এ নিবন্ধন করা বাধ্যতামূলক। Competent Authority হিসেবে রপ্তানি উন্নয়ন ব্যুরো Registered Exporter System (REX)-এ আওতায় বাংলাদেশ হতে রপ্তানিকারকদের নিবন্ধন, রপ্তানিকৃত চালানের Monitoring Control এবং ইউরোপীয় ইউনিয়ন-কে তাদের চাহিদা অনুযায়ী

ভেরিফিকেশন-এর দায়িত্ব এবং সকল ধরণের প্রশাসনিক সহায়তা প্রদান করে থাকে। REX-এর আবেদনের জন্য EU এর নির্ধারিত লিঙ্ক https://webgate.ec.europa.eu/এ প্রবেশ করে রপ্তানিকাকরককে আবেদন ফরমের প্রথম ৬টি ক্রমিক পূরণ করে অনলাইনে পুরণকৃত আবেদন ফরমের হার্ডকপি ও সমর্থনীয় দলিলাদিসহ রপ্তানি উন্নয়ন ব্যুরো-তে আবেদন দাখিল করবে। বিস্তারিত "REX গাইডলাইন" রপ্তানি উন্নয়ন ব্যুরোর ওয়েবসাইট http://www.epb.gov.bd/ এ পাওয়া যাবে।

**আবেদন দাখিলের ক্ষেত্রে প্রয়োজনীয় দলিলাদিঃ**




১২। **রপ্তানি সংক্রান্ত দলিলাদি (Export documents)**

রপ্তানি বাণিজ্য কার্যক্রমের ডকুমেন্টেশন হচ্ছে একটি গুরুত্বপূর্ণ অংশ। ডকুমেন্টসমূহ সঠিক ভাবে তৈরি এবং দাখিল করার উপর ব্যবসায়িক চুক্তির বাস্তবায়ন অনেকাংশে নির্ভর করে। অপরদিকে, ডকুমেন্টসমূহ সঠিকভাবে তৈরি করা না হলে সময়মতো পণ্যের মূল্য না পাওয়াসহ নানা জটিলতার সৃষ্টি হতে পারে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশের পণ্য ও সেবা আমদানি সংক্রান্ত অনুসৃত নীতি, আন্তর্জাতিক বাণিজ্য ব্যবস্থায় বিশেষ ভূমিকা রক্ষাকারী Harmonized System Codes (H.S Codes) ও বাংলাদেশে পণ্য আমদানির ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রকাশিত Tariff Schedule অনুসরণ করা অপরিহার্য। এছাড়াও রপ্তানিকারক ও আমদানিকারক-এর মধ্যে লেনদেন সম্পন্নের লক্ষ্যে Incoterm সম্পর্কে ধারণা থাকা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত জানতে https://iccwbo.org এ

ভিজিট করা যেতে পারে। সাধারণত রপ্তানি পণ্য শিপমেন্টের আগে নিম্নলিখিত ডকুমেন্টসমূহ দাখিল করতে হয়ঃ

**১২.১ বিক্রয়/রপ্তানি চুক্তিপত্র/ঋণপত্র (Sales Contract/Letter of Credit):**

রপ্তানি আদেশ কার্যকর করার প্রথম পদক্ষেপ হিসেবে রপ্তানিকারককে চুক্তি সম্পাদন অথবা এলসি খোলার জন্য প্রয়োজনীয় দলিলাদি প্রস্তুত করতে হয়। আন্তর্জাতিক বাণিজ্যের ক্ষেত্রে পণ্যের মূল্য পরিশোধের একটি নিরাপদ মাধ্যম হল ঋণপত্র বা লেটার অব ক্রেডিট। লেটার অব ক্রেডিট যা ব্যাংকের মাধ্যমে বিক্রেতার মূল্য পরিশোধের এবং ক্রেতার কাছে তার পণ্য সঠিকভাবে প্রেরণের নিশ্চয়তা দেয়।

**১২.২ কমার্শিয়াল ইনভয়েস (Commercial Invoice):**

এই দলিল বৈদেশিক বাণিজ্যে ব্যবহৃত একটি ডকুমেন্ট। কমার্শিয়াল ইনভয়েস-এ জাহাজে বোঝাইকৃত পণ্যের পূর্ণ বিবরণ, ট্রেড মার্ক, পণ্যের ওজন ও পরিমাণ, জাহাজ ও পরিবহন কোম্পানির নাম, জাহাজ ভাড়ার পরিমাণ, আমদানিকারকের নাম ও ঠিকানা, রপ্তানিকারকের নাম ও ঠিকানা, জাহাজের বন্দর ত্যাগ ও গন্তব্যে পৌঁছানোর সম্ভাব্য তারিখ, প্রেরকের ও প্রাপকের বন্দরের নাম ইত্যাদি উল্লেখ থাকে। এই দলিল আমদানিকারককে পণ্যের মালিকানা স্বত্ব প্রদান করে এবং বন্দর থেকে পণ্য খালাসে প্রয়োজন হয়।

**১২.৩ প্যাকিং লিষ্ট (Packing List):**

এই দলিলে কন্টেইনার ও বেল সংখ্যা, প্যাকেজ সংখ্যা, মোট ও নিট ওজন, শিপিং চিহ্ন ও নম্বর প্রভৃতি বিবরণ অর্ন্তভূক্ত থাকে। যাতে করে ক্রেতা এবং শিপিং কোম্পানির পক্ষে রপ্তানি চালান খুঁজে পাওয়া এবং পণ্য খালাস করা সহজসাধ্য হয়। সাধারণত, একজন শিপার রপ্তানির জন্য প্যাকিং তালিকা প্রস্তুত করে।

**১২.৪ রপ্তানি অনুমতি ফরম (EXP Form):**

ইএক্সপি ফরম রপ্তানিকারকের বাণিজ্যিক ব্যাংক কর্তৃক ইস্যু করা হয়। ব্যাংক সংশ্লিষ্ট রপ্তানিকারকের পক্ষে প্রত্যয়ন করে যে রপ্তানিকারক একজন স্বনামধন্য/নির্ভরযোগ্য ব্যবসায়ী এবং পণ্য জাহাজিকরণের তারিখ হতে নির্দিষ্ট সময়ের মধ্যে রপ্তানি আয় প্রত্যাবাসিত হবে মর্মে ঘোষণা দেয়া হয়। এই ফর্মে ব্যাংক রপ্তানি আয়ের প্রত্যাবাসন নিশ্চিত করার অঙ্গীকার করে।

### ১২.৫ বিল অফ এক্সপোর্ট/শিপিং বিল:

এটি কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত দলিল যা পণ্যের জাহাজিকরণ নিশ্চিত করে। এ দলিলে ৫৬টি বক্সে আমাদানি/রপ্তানি সংক্রান্ত তথ্য রয়েছে যার মধ্যে উল্লেখযোগ্য বক্সের তথ্যসমূহ নিম্মরূপ:

- ০১ Bill of Export No.
- ০২ Consignor/Exporter
- ০৩ Consignee/Importer
- ০৪ Declarent/Agent
- ০৫ Country of Export
- ০৬ Country of Origin
- ০৭ Country of Destination
- ০৮ Name of Carrier
- ০৯ Currency
- ১০ Place of loading
- ১১ L/C No, Invoice Number, Exp No
- ১২ Package and description of goods
- ১৩ Gross Weight
- ১৪ Net Weight
- ১৫ HS Code

### ১২.৬ বিল অফ লেডিং (Bill of Lading)/এয়ারওয়ে বিল (Air way bill) /ট্রাক চালান (Truck Challan):

এটি পণ্যের মালিক এবং বাহকের মধ্যে একটি চুক্তি যা আমদানিকারক দেশে রপ্তানিকারক দেশ থেকে পণ্য প্রেরণের প্রমাণক হিসেবে ব্যবহৃত হয়। বিল অব লেডিং পণ্য পরিবহন/জাহাজীকরণ কোম্পানি প্রদান করে থাকে।

### ১২.৭ বীমা সনদ (Insurance Certificate):


পণ্য পরিবহনকালে সম্ভাব্য ক্ষয়ক্ষতিজনিত ঝুঁকির বিপরীতে-এর ক্ষতি পূরণের বিষয়ে আমদানিকারকের কাছে প্রেরিত নিশ্চয়তা যা ইন্সুরেন্স কোম্পানী ইস্যু করে।

### ১২.৮ বিল অফ এক্সচেঞ্জ (Bill of Exchange):

আমদানি-রপ্তানি বাণিজ্যের দেনা-পাওনা মিটানোর ক্ষেত্রে বিনিময় বিল একটি গুরুত্বপূর্ণ দলিল। এই দলিলের মাধ্যমে রপ্তানিকারক একটি

→ নির্দিষ্ট পরিমাণ অর্থ, নির্দিষ্ট সময়ে বা চাহিবামাত্র প্রাপককে অথবা তার নির্দেশ মতো অন্য কোন ব্যক্তিকে পরিশোধের জন্য আমদানিকারক কে নির্দেশ প্রদান করে। জাহাজে পণ্য বোঝাই করার পর রপ্তানিকারক চালান রশিদ, বীমাপত্র ইত্যাদির সাথে বিনিময় বিল ও ব্যাংকের মাধ্যমে আমদানিকারকের নিকট পাঠিয়ে থাকে। ব্যাংক আমদানিকারকের নিকট বিনিময় বিল উপস্থাপন করে এর অর্থ বা স্বীকৃতি দাবি করে।

**আমদানী-রপ্তানি বাণিজ্য সম্পাদনের ক্ষেত্রে আমদানীকারক ও রপ্তানিকারকের মধ্যে অনুসরণ যোগ্য কিছু পদ্ধতি:**




## ১২.৯ বিশেষ বিশেষ পণ্য রপ্তানির ক্ষেত্রে নিম্নলিখিত সার্টিফিকেট প্রয়োজন

i. তৈরি পোশাক → Compliance নিশ্চিতকল্পে Buyer's code of conduct প্রতিপালন করতে হয়;

### Instructor Obligations and Code of Conduct






### ii. ঔষধ

- USFDA (US Food and Drug Administration)
- UK MHRA (UK Medical and Healthcare Products Agency)
- TGA (Therapeutic Goods Administration), Australia
- Health Canada, Canada
- EMA (European Medicines Agency)
- ANVISA (Agencia Nacional de Vigilancia Saritaria), Brazil
- GCC GMP (Good Manufacturing Practice), GCC Countries
- PIC'S (Pharmaceuticals Inspection Co-operation Scheme)
- Manufacturing License from Drug Adminestration

### iii. খাদ্য পণ্য

- Health Certificate
- ISA (Independent Safety Assessment)
- HIA (Health Impact Assessment)
- Free Sales Certificate
- Halal Certification (Jakim Malaysia, Indonesia)
- BRCGS Global Food Safety Standard
- HACCP (Hazard Analysis Critical Control Points)
- ISO (International Organization for Standardization)
- EU Registration Number (EU No)- for fish products

**iv. ফার্নিচার** → FSC (Forest Stewardship Council) → Fumigation

**v. প্লাষ্টিক পণ্য**
- PSI (Pre Shipment Inspection)
- FDA (Food and Drug Administration)
- Toxic Free Certificate
- Food grade materials use certificate

**vi. ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স (E&E)**
- International Electro-technical Commession (IEC standards)
- European Conformily (EC) marking
- SIRIM
- Waste of Electrical and Electronic
- Equepment (WEEE)
- Restriction on Ahzar Dous Substance (ROHS)
- Registration, Evaluation, Authorisation and restriction on Chemical substances (REACH)
- Electromagnitic Compatibility (EMS)
- ISO-14000
- Good Monufacturing Practice (GMP)
- Good Hygiene Practice (GHP)
- Sanitation Standard Operating Procedures (SSOP)
- Quality Assurance Programme
- CODEX Aleinenat

### ১২.১০ INCOTERMS 2010 (Ex-Works, FDB, CFR, CIP)

## ১৩। বাণিজ্যে আর্থিক সহায়তা

**Conditional Trade Finance**

- ১৩.১ Trade Finance
- ১৩.২ Insurance Facilities to support Trade
- ১৩.৩ Facilites for Expoter


Bangladesh
Export
তৈরি পোশাক
ঔষধ
খাদ্য পণ্য
ফার্নিচার
প্লাস্টিক পণ্য
ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক্স

## ১৪. সফল রপ্তানিকারক হিসেবে প্রতিষ্ঠিত হতে হলে রপ্তানিকারকের করণীয়।

- আমদানিকারকদের অনুসন্ধানের দ্রুত জবাব প্রদান;
- পণ্যের বিবরণ, নমুনার সর্বনিম্ন এফওবি ভিত্তিক রপ্তানি মূল্য জ্ঞাতকরণ;
- প্রতিযোগিতামূলক মূল্যে উন্নতমানের পণ্য সরবরাহ নিশ্চিতকরণ;
- অনুমোদিত নমুনা মোতাবেক পণ্যের জাহাজীকরণ নিশ্চিতকরণ;
- ব্যবসায় সম্পর্কিত নীতিমালা মেনে চলা;
- লেনদেন/মূল্য পরিশোধ ও আনুষঙ্গিক শর্তাবলী সম্পর্কে পরিস্কার ও নির্ভূল ভাষায় আমদানিকারককে জানানো;
- বিদ্যমান কমপ্লায়েন্স শর্তাদি মেনে রপ্তানি পণ্য/সেবা প্রতিপালন;
- বিক্রয়/সরবরাহ চুক্তির লঙ্ঘন না করা;
- পণ্য পরিবহনের গতিপথ নির্ধারণ; এবং
- নির্ধারিত সময়ের মধ্যে পণ্য আমদানিকারকের বন্দরে পৌছানো নিশ্চিতকরণ।

## ১৫. রপ্তানি বাণিজ্যে বর্জনীয় দিক।

- বিদেশী ক্রেতাদের সংগে অসৌজন্য মূলক আচরণ;
- চুক্তি অনুসারে পণ্য সরবরাহ না করা;
- গৃহীত নমুনা অনুযায়ী পণ্য সরবরাহের সময় পণ্যের মান সংরক্ষনে উদাসীনতা;
- ব্যবসায়িক লেনদেনে আপনার সপক্ষে একান্ত গোপন তথ্য প্রকাশ বা প্রচার করা;
- ব্যবসায়িক জ্ঞানার্জনে কোন ব্যক্তি বা সংস্থার সদুপদেশ উপেক্ষা করা;
- ব্যবসা পরিচালনায় দেশের প্রচলিত আইন অমান্য, উপেক্ষা কিংবা অপপ্রয়োগ করা;
- ব্যবসায় সামগ্রিক ব্যক্তিগত সুবিধা ভোগের স্বার্থে ভারসাম্যহীন দর প্রদান করে ব্যবসায়িক নৈতিকতা খর্ব করা;
- ব্যবসার উদ্দেশ্যে বিদেশ ভ্রমণকালে ক্রেতাদের সংগে অশালীন আচরণ করা;
- ব্যবসায়িক লেনদেনে এমন কোন উদ্যোগ বা পদক্ষেপ গ্রহণ করা যা প্রত্যক্ষ কিংবা পরোক্ষভাবে দেশের স্বার্থের পরিপন্থী হয়;
- দূর্নীতির আশ্রয় নেয়া; এবং
- বিদেশে নিজ দেশের ভাবমূর্তি ক্ষুন্ন করে এমন কাজ করা।

**১৬.	একজন রপ্তানিকারককে রপ্তানি উন্নয়ন ব্যুরো যেভাবে সহযোগিতা করতে পারে।**

- রপ্তানি উন্নয়ন ব্যুরো উদ্যোক্তা/রপ্তানিকারক কে প্রধানত: নিম্নলিখিত ক্ষেত্রে সহযোগিতা করে থাকেঃ
- রপ্তানিকারককের পণ্য বাজারজাতকরণ সহজতর করার জন্য বিদেশে অনুষ্ঠিত বিভিন্ন আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণের সুবিধাসহ দেশে ও বিদেশে প্রয়োজনীয় প্রচারণার ব্যবস্থা গ্রহণ;
- ব্যবসা সংক্রান্ত সুযোগ সুবিধা অনুসন্ধানের জন্য বিদেশে বাণিজ্য মিশনে অংশগ্রহনের সুযোগ সৃষ্টি;
- রপ্তানির বিপরীতে সংশ্লিষ্ট আমদানিকারক দেশ কর্তৃক প্রদত্ত সুযোগ সুবিধার তথ্য প্রদান;
- পণ্য পরিবহনে অভ্যন্তরীণ ও বৈদেশিক প্রতিবন্ধকতা দূরীকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
- বিদেশের বাজারে রপ্তানি পণ্যের প্রতিযোগিতামূলক মূল্য সংগ্রহপূর্বক সরবরাহকরণ;
- পণ্যের জন্য বিদেশের বাজার অনুসন্ধান ও অনুসন্ধানের ফলাফল জানানো। এক্ষেত্রে রপ্তানি উন্নয়ন ব্যুরোর মার্কেট ইন্টেলিজেন্স (Market Intelligence) ওয়েবসাইট (epb-bangladesh-export.com) থেকে রপ্তানিকারকগণ সম্ভাব্য রপ্তানি বাজার ও পণ্য সম্পর্কে তথ্য সংগ্রহ করতে পারেন;
- বিদেশে অনুষ্ঠিত আন্তর্জাতিক বাণিজ্য মেলায় কার্যকরভাবে অংশগ্রহণের ক্ষেত্রে ব্যুরোর ওয়েবসাইটে বর্ণিত নির্দেশনা অনুসরণ;
- উৎপাদন সমস্যা সমাধানকল্পে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রয়োজনীয় সুপারিশকরণ;
- রপ্তানি নীতিতে প্রদত্ত বিভিন্ন সুযোগ সুবিধা সম্পর্কে রপ্তানিকারককে অবহিতকরণ;
- রপ্তানিকারক ও আমদানিকারকের মধ্যে সৃষ্ট বাণিজ্য বিরোধ নিস্পত্তিকরণ; পণ্য বহুমুখীকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সমন্বয়ে সভা/ সেমিনার আয়োজন, বিদ্যমান সমস্যা চিহ্নিতকরণ এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থায় সুপারিশমালা প্রেরণ;
- রপ্তানিমুখী পণ্যের উন্নয়ন, বাজারজাতকরণ এবং রপ্তানি সংশ্লিষ্ট সেবা ত্বরান্বিতকরণার্থে বিবিধ গবেষণামূলক কার্যক্রম পরিচালনা;

- রপ্তানিকারকদের মধ্যে প্রতিযোগিতার আগ্রহ তৈরি এবং রপ্তানি ঝুঁড়িতে নতুন নতুন পণ্য সংযোজনের উদ্দেশ্যে কৃতি রপ্তানিকারকদের সম্মাননা স্বরূপ জাতীয় রপ্তানি ট্রফি এবং সিআইপি (রপ্তানি) কার্ড প্রদান;
- বিভিন্ন দেশের ট্রেড প্রমোশন অর্গানাইজেশন (TPO) সমূহের সাথে যোগাযোগের মাধ্যমে বাণিজ্য সম্পর্ক সুসংহত রাখা এবং গুরুত্বপূর্ণ চেম্বার ও এসোসিয়েশনের প্রতিনিধি ও আমদানিকারক প্রতিষ্ঠানের বাংলাদেশ সফরকালে রপ্তানিকারক প্রতিষ্ঠানের সাথে সভা আয়োজনের মাধ্যমে পারস্পারিক ব্যবসার সুযোগ সৃষ্টি করা;
- বিদেশে অবস্থিত বাংলাদেশের বাণিজ্যিক উইং হতে প্রাপ্ত সংশ্লিষ্ট দেশের বাজার তথ্য সংক্রান্ত market intelligence report এবং সম্ভাব্য বিদেশী ক্রেতা/উৎসাহী ক্রেতাদের তালিকা সরবরাহ করা; এবং
- আন্তর্জাতিক বাণিজ্যের হালনাগাদ তথ্য ব্যুরোর জাতীয় রপ্তানি প্রশিক্ষণ কর্মসূচি (NETP) এর আওতায় সেমিনার/ওয়ার্কশপ আয়োজনের মাধ্যমে রপ্তানির কলা-কৌশল সম্পর্কিত বিষয়ে রপ্তানিকারকগণকে প্রশিক্ষণ প্রদান।

**১৭. রপ্তানি সংক্রান্ত বিষয়ে সরাসরি সম্পৃক্ত ও সহায়ক মন্ত্রণালয়/সংস্থা/ চেম্বার/ বণিক সমিতিসমূহঃ**

| মন্ত্রণালয়, সংস্থা ও চেম্বার সমূহ | ওয়েভ সাইট |
|---|---|
| যৌথমুলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর | http://www.roc.gov.bd |
| বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন | http://www.bttc.gov.bd |
| বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন | http://www.ccb.gov.bd |
| বাংলাদেশ ফরেন ট্রেড ইনস্টিটিউট | http://www.bfti.org.bd |
| বিজনেস প্রমোশন কাউন্সিল | bbpc.portal.gov.bd |
| বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ | www.bsbk.gov.bd |
| চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ | www.cpa.gov.bd |
| বাংলাদেশ ব্যাংক | www.bb.org.bd |
| বিদেশী জাহাজ কোম্পানিসমূহের স্থানীয় শিপিং এজেন্ট/সিএন্ডএফ এজেন্ট | ---- |
| ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস্ অব কমার্স এন্ড ইন্ড্রাস্ট্রি | www.fbcci.org |
| বাংলাদেশে অবস্থিত বিদেশি মিশন/দূতাবাস সমূহ | --- |
| বিদেশে অবস্থিত বাংলাদেশের মিশনসমূহের বাণিজ্যিক উইং | http://www.mofa.gov.bd |

| মন্ত্রণালয়, সংস্থা ও চেম্বার সমূহ | ওয়েভ সাইট |
|---|---|
| অন্যান্য বাণিজ্যিক ব্যাংক | |
| বাণিজ্য মন্ত্রণালয় | www.mincom.gov.bd |
| পররাষ্ট্র মন্ত্রণালয় | www.mofa.gov.bd |
| অর্থ মন্ত্রণালয় | www.mof.gov.bd |
| মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | www.mofl.gov.bd |
| শিল্প মন্ত্রণালয় | www.moind.gov.bd |
| কৃষি মন্ত্রণালয় | www.moa.gov.bd |
| জাতীয় রাজস্ব বোর্ড | www.nbr.gov.bd |
| বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ | www.bida.gov.bd |
| বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | www.bfsa.gov.bd |
| মৎস্য অধিদপ্তর | www.fisheries.gov.bd |
| কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | www.dae.gov.bd |
| বাংলাদেশ স্ট্যান্ডার্ডস্ এন্ড টেস্টিং ইনষ্টিটিউশন | www.bsti.gov.bd |
| পরিবেশ অধিদপ্তর | www.doe.gov.bd |
| রপ্তানি উন্নয়ন ব্যুরো | www.epb.gov.bd |
| আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর | http://www.ccie.gov.bd |

এছাড়া বাংলাদেশ থেকে রপ্তানি এবং আমদানি সংক্রান্ত তথ্যের জন্য বাংলাদেশ জাতীয় তথ্য বাতায়ন একটি ওয়ান-স্টপ পয়েন্ট হিসেবে ব্যবহৃত হচ্ছে যার ওয়েবসাইট www.bangladesh.gov.bd

## ১৮। রপ্তানি পণ্যের অনুমোদিত পরীক্ষাগার সমূহঃ

রপ্তানির লক্ষ্যে দেশে উৎপাদিত শিল্পপণ্য, বৈদ্যুতিক ও প্রকৌশল পণ্য, খাদ্য ও কৃষিজাত পণ্যের প্রক্রিয়া ও পরীক্ষণ পদ্ধতির মান প্রণয়ন আন্তর্জাতিক মানদন্ডে উন্নীতকরনের লক্ষ্যে গুণগত মানের নিশ্চয়তা বিধানে বিভিন্ন সরকারি দপ্তর যথাক্রমে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (BFSA), বাংলাদেশ স্ট্যান্ডার্ডস্ এন্ড টেস্টিং ইনষ্টিটিউশন (BSTI), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (DAE), মৎস্য অধিদপ্তর (DOF)এর টেস্টিং পণ্য মান পরীক্ষাকরণ সংক্রান্ত লিংক বাংলাদেশ অ্যাক্রেডিটেশন বোর্ড (BAB) এর ওয়েবসাইটে

(https://bab.gov.bd/site/page/1f57e331-dbc3-49bc-993a-1ad8e56c23b1/-) -এ পাওয়া যাবে।

## ১৮। বাংলাদেশের প্রধান প্রধান রপ্তানি খাতের তালিকাঃ

### ১৮.১ পণ্য খাত

| | | | |
|---|---|---|---|
| জীবন্ত পশু | লোহার বর্জ্য | শার্ট | ছুরি ও কাটিং বেড |
| তাজা ও হিমায়িত মাংস | কয়লার বর্জ্য ও ছাই | টি শার্ট | রেজার |
| জীবন্ত মাছ | পেট্রোলিয়াম বাই প্রডাক্টস | জিন্স প্যান্ট | ইলেকট্রিক ক্যাবল |
| হিমায়িত মাছ | অ্যামোনিয়া | পুলোভার | বয়লার |
| লবণযুক্ত মাছ | হাইড্রোজেন পার অক্সাইড | প্যান্ট | ফিটিংস্ সামগ্রী |
| শুটকি মাছ | এসিড | জ্যাকেট | ষ্টিম টারবাইন |
| হিমায়িত চিংড়ি | হরমোন | স্যুট/বেজার | ইঞ্জিন |
| দুগ্ধ জাতীয় খাদ্য | ঔষধের মিকচার | মোজা | ওভেন |
| পাখি ও মুরগির ডিম | ঔষধ | পলো শার্ট | রেফ্রিজারেটর |
| মানুষের চুল | বিভিন্ন ধরণের কসমেটিকস্ | লেগিংস | কৃষিকাজের যন্ত্রপাতি |
| গরুর নাড়ি ভুঁড়ি | সাবান | গেঞ্জি | বেল্ডার/জুসার |
| হাঁসের পালক | সেভিং সামগ্রী | আন্ডার গার্মেন্টস্ | ইনকিউবেটর |
| অর্নামেন্টাল প্লান্ট | প্লাষ্টিকের ব্যাগ | সোয়েটার | জেনারেটর |
| আলু ও আলু দ্বারা তৈরীর খাদ্য সামগ্রী | প্লাষ্টিক সামগ্রী | শিশুদের পোষাক | ট্রান্সফরমার |
| তাজা শাক-সবজি | প্লাষ্টিকের বর্জ্য | হ্যান্ড গাভস্ | ব্যাটারি |
| শুকনা সবজি ও সবজির অংশবিশেষ | প্লাষ্টিকের পেট | রুমাল | ওয়াটার হিটার |
| নারিকেল | প্রাকৃতিক রাবার | মাফলার | টেলিভিশন |
| লেবু জাতীয় ফল | সিনথেটিক রাবার | স্কার্ট | ইলেকট্রনিক সাউন্ড সিষ্টেমের যন্ত্রাংশ |
| তাজা ও হিমায়িত ফল | টায়ার ও টিউব | টাই | সার্কিট ব্রেকার |
| মসল্লা | গরু, ছাগল ও মহিষের চামড়া | শাল | রেলওয়ে যন্ত্রাংশ |
| বিভিন্ন ধরণের বাদাম | ল্যাগেজ ও ফ্যাশন সামগ্রী | ট্রাভিলিং ব্যাগ | মোটর গাড়ির যন্ত্রাংশ |
| শস্য দানা | পার্টিকেল বোর্ড | গার্মেন্টস্ এক্সেসসরিজ | মোটর সাইকেল |
| ফলের বীচি | কাঠের তৈরি সামগ্রী | বেড লিনেন | বাইসাইকেল |

| | | | |
|---|---|---|---|
| ভেষজ উদ্ভিদ | হস্তশিল্পজাত সামগ্রী | ঝুট কাপড় | বাইসাইকেল তৈরির যন্ত্রাংশ |
| ভেজিটেবল প্রোডাক্ট | নিউজপ্রিন্ট | চামড়ার জুতা | জাহাজ |
| চা | পেপার বর্জ্য | সিনথেটিক জুতা | জাহাজ তৈরির যন্ত্রাংশ |
| সুগন্ধি চাল | টয়লেট টিস্যু | ক্যাপ | লেন্স |
| সয়াবিন তেল | পেপার বোর্ড | উইগস্ | মেডিক্যাল ও সার্জিকাল ইকুইপমেন্ট |
| পামওয়েল | পেপার কার্টন ও বক্স | সিরামিক টেবলওয়্যার | কৃত্রিমভাবে তৈরি দেহের অংশ বিশেষ |
| সরিষার তেল | কটন ওয়্যাস্ট | সিরামিকের ইট | পরীক্ষার জন্য ব্যবহৃত বিভিন্ন সামগ্রী |
| গুড় | কটন ইয়ার্ন | সিরামিক টাইলস্ | ঘড়ি ও ঘড়ির যন্ত্রাংশ |
| শুকনা খাবার (চকলেট, নুডলস, পাস্তা, ওয়েফার) | কটন ফেব্রিকস্ | লোহার বার/রড | ফার্নিচার |
| ফলের জুস | ওভেন ফেব্রিকস্ | ক্যাষ্ট আয়রনের টিউব ও বার | ফার্নিচারের বিভিন্ন অংশ |
| জেম, জেলি ও আচার | কাঁচা পাট | লোহার তৈরি ট্যাঙ্ক | ম্যাটট্রেস ও ম্যাটট্রেস তৈরীর অংশ বিশেষ |
| বিভিন্ন ধরণের সস | পাটের বর্জ্য | আয়রন চেইন | লাইট ফিটিংসের যন্ত্রাংশ |
| ফুড প্রিপারেশন | সিনথেটিক ফেব্রিকস্ | লোহা ও ষ্টিলের তৈরি নির্মাণ সামগ্রী | খেলনা |
| মিনারেল পানি | টেক্সটাইল ফেব্রিকস্ | লোহা ও ষ্টিলের তৈরি কিচেন ওয়্যার | ফিসিং নেট |
| বিভিন্ন ধরণের সিরিয়াল | ফেল্ট | কপারের বর্জ্য | ফিসিং হুইল |
| অয়েল কেক | পাটের দড়ি | কপারের সামগ্রী | মশারি |
| তামাক | সিথেটিক দড়ি | এ্যালুমিনিয়ামের তৈরী সামগ্রী | ব্যায়ামের সামগ্রী |
| সিগারেট | পাট ও সিনথেটিকের তৈরি কার্পেট | অপরিশোধিত সীসা | প্রিন্টেড সামগ্রী |
| নুঁড়ি পাথর | টেরি টাওয়েল | অপরিশোধিত জিঙ্ক | বলপেন ও পেন্সিল |
| সিমেন্টের বর্জ্য | কিচেন টাওয়েল | জিঙ্কের পাউডার ও টুকরা | কেশ পরিচর্যা সামগ্রী |
| সিমেন্ট | ওভার কোট | মেশিনের যন্ত্রাংশ | স্যানিটারি টাওয়েল |

## ১৮.২) সেবা খাত

| | |
|---|---|
| Goods Procured in ports by carriers | Construction services |
| Goods sold under merchanting | Insurance Services |
| Services : | Financial Services (other than insurance) |
| a) Manufacturing Services on Physical inputs owned by<br>b) Maintenance and repair services | Charges for the use of intellectual Property |
| Transportation | Telecommunication and Information Services |
| a) Sea Transport<br>b) Air Transport<br>c) Rail Transport<br>d) Road Transport<br>e) Others | a) Telecommunication Services<br>b) Computer Services<br>c) Information Services |
| Travel | Other Business Services |
| a) Business<br>b) Personal | Personal, Cultural and Recreational |
| | Government goods and services |

আমাদের রপ্তানি পণ্যের একক বাজার হিসেবে প্রথম স্থানে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র, জার্মানী, যুক্তরাজ্য ও অন্যান্য প্রধান প্রধান রপ্তানি বাজারের মধ্যে স্পেন, ফ্রান্স, পোল্যান্ড, ভারত, নেদারল্যান্ডস, ইতালী, কানাডা, বেলজিয়াম ও জাপান প্রভৃতি দেশ অন্যতম।



## HS কোড কি

**HS কোড**

HS Code এর পূর্ণরূপ হলো Hermonized Commodity Description and Coding Systems.

Coding Systems এর মাধ্যমে সহজে পণ্যকে সনাক্ত করা যায়। প্রত্যেকটি পণ্যের আলাদা HS Code থাকে। আবার একটি পণ্যের অংশ বিশেষের জন্য আলাদা HS Code থাকতে পারে। Online অনুসন্ধানে কিংবা কাস্টমস ট্যারিফের বইসমূহে সকল পণ্যের HS Code এর বর্ণনাসহ সকল তথ্যাদি উল্লেখ রয়েছে।

## HS কোডের গুরুত্ব

**শুল্ক নির্ধারণঃ** আমদানি ও রপ্তানি পণ্যের উপর কত শতাংশ শুল্ক ধার্য হবে তা নির্ধারণ করতে HS Code প্রয়োজন হয়।

**পরিসংখ্যান সংগ্রহঃ** পণ্য ভিত্তিক আমদানি ও রপ্তানির পরিসংখ্যান নির্ধারণ এবং বিশ্লেষণ করতে HS Code এর প্রয়োজন হয়।

## HS কোড কিভাবে পাওয়া যাবে?

জাতীয় রাজস্ব বোর্ড (NBR)-এর ফার্ষ্ট সিডিউলসহ বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থার ওয়েবসাইটে HS Code এর তথ্যাদি পাওয়া যায়। এছাড়াও, World Customs Organization (WCO)- এর ওয়েবসাইটেও আন্তর্জাতিক HS Code সম্পর্কে বিস্তারিত তথ্য পাওয়া যায়।

## HS কোড ব্যবহার করার নিয়মঃ

**০১ সঠিক কোড নির্ধারণঃ** পণ্যের সঠিক HS Code নির্ধারণ খুবই গুরুত্বপূর্ণ বিষয়। ভুল কোড ব্যবহার করলে শুল্ক ও শুল্ক মুক্তির ক্ষেত্রে সমস্যা হতে পারে।

**০২ কাস্টমস ডিক্লারেশনঃ** HS Code ব্যবহার করে কাস্টমস ডিক্লারেশন ফর্ম পূরণ করতে হয়।

**০৩ শুল্ক পরিশোধঃ** পণ্য আমদানি ও রপ্তানিতে নির্ধারিত শুল্ক পরিশোধ করতে হয়, যা HS Code উপর নির্ভর করে নির্ধারিত হয়।

## কাস্টমস ট্যারিফ কিঃ

বাংলাদেশ কাস্টমস ট্যারিফ হলো একটি নির্দিষ্ট নীতি বা তালিকা, যা বাংলাদেশে আমদানি ও রপ্তানি করা পণ্যদ্রব্যের ওপর কর, শুল্ক ও ফি আরোপের নিয়মাবলী নির্ধারণ করে। কাস্টমস ট্যারিফের মূল উদ্দেশ্য হলো দেশের রাজস্ব বৃদ্ধি করাসহ স্থানীয় শিল্পকে সুরক্ষা দেওয়া এবং আন্তর্জাতিক বাণিজ্যের ভারসাম্য বজায় রাখা।

## কাস্টমস ট্যারিফের প্রধান বৈশিষ্ট্যঃ

**কাস্টমস ট্যারিফের বৈশিষ্ট্য**

০১ **ট্যারিফ হারঃ** বিভিন্ন পণ্যের জন্য হার নির্ধারিত থাকে, যেমন উচ্চ মূল্যের পণ্যের জন্য বেশি শুল্ক এবং নিত্যপ্রয়োজনীয় পণ্যের জন্য কম শুল্ক।

০২ **শুল্ক শেণীবিভাগঃ** পণ্যগুলো বিভিন্ন শ্রেণীতে বিভক্ত থাকে, যেমন খাদ্যদ্রব্য, ইলেকট্রনিকস, টেক্সটাইল ইত্যাদি।

০৩ **মূল্যায়ন পদ্ধতিঃ** আমদানি ও রপ্তানিকৃত পণ্যের সঠিক মূল্যায়ন করা হয় যাতে সঠিক শুল্ক আরোপ করা যায়। এটি সাধারণত ইনভয়েসের ভিত্তিতে করা হয়।

০৪ **শুল্ক ছাড়ঃ** কিছু নির্দিষ্ট ক্ষেত্রে বা কিছু নির্দিষ্ট পণ্যের জন্য শুল্কে ছাড় দেওয়া হয়, যেমন দান বা সাহায্য হিসেবে আসা পণ্যের ক্ষেত্রে।

০৪ **নিয়ন্ত্রণ ও প্রয়োগঃ** কাস্টমস অফিসাররা কাস্টমস ট্যারিফের নিয়মাবলী অনুযায়ী শুল্ক আদায় ও নিয়ন্ত্রণ করেন এবং শুল্ক ফাঁকি রোধ করার জন্য নজরদারি করেন।

## GAP-Good Agricultural Practises

শাক সবজি আমাদনি ও রপ্তানি করতে ভেজিটেবল এক্সপোর্টার্স এন্ড ইমপোর্টাস এসোসিয়েশন মেম্বারশীপ নিতে হয়। যেসব শাক সবজিতে পরিমাণের বাইরে রাসায়নিক সার এবং কিটনাশক ব্যবহার হয় এবং বাইরে থেকে দেখতে ফ্রেশ না এমন শাক সবজি রপ্তানী করা যাবে না। GAP অনুসরণ করে পণ্য রপ্তানী করতে হবে।

## Embassy Signature and Seal


মধ্যপ্রাচ্যের দেশসমূহ যেমন কাতারে পণ্য পাঠাতে হলে আলাদা করে ফরেইন মিনিস্ট্রি থেকে আলাদাভাবে সাইন-সিল নিতে হবে। তাছাড়াও কিছু দেশের ক্ষেত্রে তাদের Embassy থেকেও সাইন নিতে হতে পারে। ফরেইন মিনিস্ট্রি এবং বিভিন্ন দেশের Embassy প্রতিষ্ঠানগুলি এই সাইন-সিল প্রদান করে আপনার পণ্যের মান এবং আইনগত প্রমাণ প্রদানের জন্য।

## ফ্রেইট ফরওয়ার্ডার কি?

ফ্রেইট ফরওয়ার্ডার হলো এমন প্রতিষ্ঠান যারা আন্তর্জাতিক এবং স্থানীয় পণ্য পরিবহনের প্রক্রিয়াগুলিকে পরিচালনা করে থাকে। তারা শিপিং সংক্রান্ত সমস্ত কাজ করে থাকে। ফ্রেইট ফরওয়ার্ডার এর মূল দায়িত্ব হচ্ছে বিক্রেতার পণ্যগুলো রিসিভ করে ক্রেতার কাছে পৌছে দেয়া।



## ফ্রেইট ফরওয়ার্ডার এর উল্লেখযোগ্য কাজগুলো কিকি?




ফ্রেইট ফরওয়ার্ডাররা মূলত রপ্তানিকারক এবং আমদানিকারকদের পক্ষে শিপিং সম্পর্কিত সকল কাজ সম্পন্ন করে এবং তাদের সময় এবং খরচ সাশ্রয়ে সহায়তা করে।



# আমদানি সংক্রান্ত তথ্য

**আমদানি ব্যবসা কিঃ**

আমদানি ব্যবসা বা ইম্পোর্ট বিজনেস এর অর্থ যদি এক কথায় বলতে যাই, তাহলে হচ্ছে "বিদেশ থেকে পণ্য দেশে এনে বিক্রি করা"।

## আমদানি ব্যবসা শুরু করতে যে সকল কাগজ গুলো প্রয়োজন হবেঃ

০১ ট্রেড লাইসেন্স (Trade Licence)

০২ আইআরসি (IRC) বা ইম্পোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট

০৩ ইনডেন্টিং রেজিস্ট্রেশন সার্টিফিকেট (Indenting Registration Certificate)

০৪ ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (VAT Registration Certificate)

০৫ টিন সার্টিফিকেট (TIN Certificate)

০৬ ইম্পোর্ট পারমিট (Import Permit) (প্রযোজ্য ক্ষেত্রে)

০৭ ব্যাংক প্রত্যয়ন পত্র (Bank Solvency Certificate)

০৮ স্বীকৃত চেম্বার/অ্যাসোসিয়েশন থেকে বৈধ মেম্বারশিপ সার্টিফিকেট

০৯ অংশীদার প্রতিষ্ঠানেরে ক্ষেত্রে রেজিস্টার্ড অংশীদারি দলিলের সত্যায়িত কপি (Registered Partnership Deed)

১০ লিমিটেড কোম্পানির ক্ষেত্রে সার্টিফিকেট অব ইনকর্পোরেশন, মেমোরেন্ডাম অব অ্যাসোসিয়েশন, আর্টিকেল অব অ্যাসোসিয়েশনের সত্যায়িত কপি।

১১ পাসপোর্ট সাইজের ছবি এবং এনআইডি কার্ড (Passport size photograph and copy of NID Card)।

## অনলাইনে আমদানি লাইসেন্স আবেদন করার সময় যেসব ডকুমেন্ট প্রয়োজন হবেঃ

**আমদানি লাইসেন্স আবেদন**

- ০১ ট্রেড লাইসেন্স
- ০২ ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (কোম্পানি)
- ০৩ টিন সার্টিফিকেট
- ০৪ সংশ্লিষ্ট জেলার চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির মেম্বারশীপ সনদ
- ০৫ ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট
- ০৬ জয়েন্টভেঞ্চার এগ্রিমেন্ট
- ০৭ আবেদনকারী'র এন-আইডি এবং ছবি
- ০৮ লিমিটেড কোম্পানীর ক্ষেত্রেঃ লিমিটেড কোম্পানীর আমদানি রপ্তানি লাইসেন্স করতে হলে ব্যবস্থাপনা পরিচালকের ছবি ও জাতীয় পরিচয়পত্র লাগবে। আরো প্রয়োজন হবে সার্টিফিকেট অব ইনকর্পোরেশন, মেমোরেন্ডাম অব অ্যাসোসিয়েশন, আর্টিকেল অব অ্যাসোসিয়েশন এবং ফরম-এর সত্যায়িত কপি।

## আমদানি ব্যবসার key-player কারা?

**key player**

- বিদেশের সাপ্লায়ার বা বিক্রেতা
- বিভিন্ন ব্যাংক
- সিএন্ডএফ এজেন্টস
- ফ্রেইট ফরওয়ার্ডারস
- ভ্যাট এন্ড কাস্টমস
- ক্ষেত্র বিশেষে বিভিন্ন দেশের বন্দর সমূহ।
- বিভিন্ন গভর্মেন্ট বডি
- বাণিজ্য মন্ত্রণালয়
- ইনসুরেন্স



## ট্রেড লাইসেন্স মূলত ০২ (দুই) ধরনের হয়ঃ

- নতুন ট্রেড লাইসেন্স
- ট্রেড লাইসেন্স নবায়ণ

## ট্রেড লাইসেন্স-এর জন্য যে সকল কাগজ পত্র প্রয়োজনঃ

### সাধারণ ট্রেড লাইসেন্স এর জন্য

- ভাড়ার রশিদ অথবা চুক্তিপত্রের সত্যায়িত কপি এবং
- হোল্ডিং ট্যাক্স পরিশোধের রশিদের কপি।
- সরকারী নির্ধারিত ফি

### শিল্প প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স এর জন্য

- ভাড়ার রশিদ অথবা চুক্তিপত্রের সত্যায়িত কপি
- হোল্ডিং ট্যাক্স পরিশোধের রশিদের কপি
- পরিবেশ সংক্রান্ত অনাপত্তি পত্র
- প্রতিষ্ঠানের অবস্থান চিহ্নিত মানচিত্র
- অগ্নি নির্বাপণ প্রস্তুতি সংক্রান্ত প্রত্যয়ন পত্র
- ডি.সি.সি-এর নিয়মাবলী মেনে চলা হবে এ মর্মে ১৫০ টাকার জুডিশিয়াল স্টেম্পে অঙ্গিকার পত্র
- ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি
- সরকারী নির্ধারিত ফি

**লিমিটেড কোম্পানির ক্ষেত্রে ঃ**

- সার্টিফিকেট অব ইনকোর্পোরেশন
- মেমোরেন্ডাম অব এ্যাসোসিয়েশন

## আমদানির দলিলাদি

**আমদানির দলিলাদি**


- প্রোফর্মা ইনভয়েস বা Proforma Invoice
- ঋণপত্র বা Letter of Credit (L/C)
- ব্যাক টু ব্যাক এলসি বা Back to Back L/C
- টিটি বা টেলিগ্রাফিক ট্রান্সফার (প্রযোজ্য ক্ষেত্রে)
- পণ্য জাহাজীকরণ সনদ বা Bill of Lading

## আমদানি ও রপ্তানির ক্ষেত্রে বিভিন্ন ধরণের অনলাইন মার্কেট প্লেসঃ


**অনলাইন মার্কেট প্লেস**


- Alibaba.com
- Global Sources
- Made-in-China
- Trade-India
- Bangladesh Import Export Portal
- ফ্রেইট ফরওয়ার্ডার এবং ইমপোর্ট এজেন্টস্
- চেম্বার অফ কমার্স বা অন্যান্য ট্রেডএসোসিয়েশন
- ট্রেড ফেয়ার এবং এক্সিভিশন
- বিভিন্ন ধরণের ইন্ডাস্ট্রি ডিরেক্টরী

## Import and Export Process Services



## EXPORT PROCEDURES IN BANGLADESH




Bangladesh
Import
ইলেকট্রনিক্স
যন্ত্রপাতি ও সরঞ্জাম
শিশু সামগ্রী
ফার্নিচার
খাদ্যদ্রব্য
কেমিক্যাল ও ফার্মাসিউটিক্যাল

## ১৯. রপ্তানি উন্নয়ন ব্যুরোর কার্যক্রমঃ

দেশের রপ্তানি বাণিজ্য উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের দায়িত্ব সরকার রপ্তানি উন্নয়ন ব্যুরোর উপর অর্পণ করেছে। রপ্তানি উন্নয়ন ব্যুরো পাবলিক প্রাইভেট/পার্টনারশীপ-এর মাধ্যমে রপ্তানি উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে থাকে। দেশের রপ্তানি উন্নয়নে রপ্তানি উন্নয়ন ব্যুরো ছয়টি বিভাগ/সেল-এর মাধ্যমে সেবা, পরামর্শ ও কার্যক্রম গ্রহণ করে থাকে। নিম্নে সংক্ষিপ্ত কার্যক্রম উপস্থাপন করা হলোঃ

### ১৯.১ নীতি পরিকল্পনা বিভাগঃ

- রপ্তানি নীতি প্রণয়নে সাচিবিক দায়িত্ব পালন, দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক বাণিজ্য বিষয়ে ব্রীফ প্রণয়ন ও ট্রেড নোগাসিয়েশনে অংশগ্রহণের ক্ষেত্রে বাণিজ্য মন্ত্রণালয়কে সহায়তা প্রদান;
- রপ্তানি নীতি প্রণয়নের পক্ষে বিভিন্ন চেম্বার, রপ্তানি সংশ্লিষ্ট এসোসিয়েশন ও সংস্থাসমূহকে প্রস্তাব আহবানপূর্বক প্রাপ্ত প্রস্তাবাবলী/সুপারিশ সমূহ'র উপর মতামত গ্রহণের উদ্দেশ্যে বিভিন্ন মন্ত্রণালয়সহ জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ ব্যাংক, বন্দর কর্তৃপক্ষ,ব্যাংক, বীমা,এফবিসিসিআই, বিভিন্ন চেম্বার ট্রেড এসোসিয়েশন প্রভৃতি প্রতিষ্ঠান/সংস্থার সাথে আলোচনা সভা আয়োজন করে গ্রহীত প্রস্তাব/সুপারিশসমূহ প্রণীতব্য রপ্তানির নীতিতে অন্তর্ভূক্ত জন্য বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা।
- বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা এবং বিভিন্ন দেশের বাণিজ্য উন্নয়ন সংক্রান্ত প্রতিষ্ঠানে (TPO)'র সাথে রপ্তানি বাণিজ্য উন্নয়নে কার্যক্রম গ্রহণ;
- রপ্তানিকারক ও রপ্তানি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জনবলের দক্ষতা বৃদ্ধি এবং বিশ্ব বাণিজ্যের গতি প্রকৃতির বর্তমান অবস্থা এবং করণীয় বিষয়ে জ্ঞান বৃদ্ধির জন্য দেশের বিভিন্ন স্থানে জাতীয় রপ্তানি প্রশিক্ষণ কর্মসূচীর (এনইটিপি) আওতায়/কর্মশালা আয়োজন;
- নন-টেক্সটাইল পণ্য রপ্তানিকারকদের ব্যুরোর নিবন্ধন নাম্বার প্রদান ও অর্থ বছর ভিত্তিক নবায়ন;
- রপ্তানিকারকদেরকে সহায়তার জন্য বিভিন্ন দেশের শুল্ক কর্তৃপক্ষের ভেরিফিকেশনের জবাব প্রদান;

- উদ্যোক্তা/ রপ্তানিকারক ব্যুরোর নিবন্ধন সংক্রান্ত সেবা গ্রহণ ems.epb.gov.bd/#/ লিংক-এ আবেদন করতে হবে;
- নন-টেক্সটাইল পণ্যের Certificate of Origin (CoO) সনদ (GSP, SAPTA, SAFTA, APTA, China CO, DFTP,Korea CO, Chile CO, Bangladesh-Bhutan-PTA CO, Thailand CO, TPS-OIC CO Ges Annex III) ইস্যুকরণ/পুনঃ ইস্যুকরণ;
- জাতীয় রাজস্ব বোর্ড-এর Asycuda world হতে প্রতিমাসে রপ্তানি উপাত্ত সংগ্রহ করে রপ্তানি পরিসংখ্যান সংকলন এবং পণ্য, দেশ, মিশন এবং অঞ্চল-ভিত্তিক রপ্তানি পরিসংখ্যান মাসিক ও বাৎসরিক আকারে নিয়মিত ব্যুরোর ওয়েবসাইট www.epb.gov.bd এ প্রকাশ। প্রতিমাসে রপ্তানি বিবরণীসহ সংশ্লিষ্ট রপ্তানি পরিসংখ্যান তথ্য সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, বিভিন্ন চেম্বার, ট্রেড এসোসিয়েশন, নিউজ মিডিয়া এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে প্রেরণ

## ১৯.২ পণ্য উন্নয়ন বিভাগঃ

- সুনির্দিষ্ট পণ্য/সেবা খাতের রপ্তানি উন্নয়নে সরকারের নিকট সুপারিশ উপস্থাপন;
- পণ্যের রপ্তানি উন্নয়নে বিদ্যমান সমস্যা, সম্ভাবনা এবং সমাধানে করণীয় নির্ধারণ সংক্রান্ত সভা ও সেমিনার আয়োজনের মাধ্যমে রপ্তানি পণ্য উন্নয়নে কার্যক্রম গ্রহন;
- রপ্তানি পণ্য বহুমুখীকরণ, পণ্যের উৎস অন্বেষণ, রপ্তানি বাজার সম্প্রসারণ বিষয়ে গবেষণা বা সমীক্ষা পরিচালন;
- নতুন নতুন পণ্যের অনুসন্ধান, পণ্যকে আন্ত : দেশীয় বাজারের উপযোগিকরণ এবং নতুন বাজর প্রবেশের সুযোগ সৃষ্টিকরণ;
- কৃতি রপ্তানিকারক প্রতিষ্ঠানকে সম্মাননার স্বীকৃতিসরূপ জাতীয় রপ্তানি ট্রফি এবং কৃতি রপ্তানিকারক ব্যক্তিকে সম্মাননা জানানোর লক্ষ্যে সিআইপি কার্ড প্রদান। জাতীয় রপ্তানি ট্রফি ও সিআইপি কার্ড বিষয়ক বিস্তারিত তথ্য http://services.mincom.gov.bd/portal/home থেকে জানা যেতে পারে;
- ব্যবসায়ী নেতৃবৃন্দের সমন্বয়ে সরকারিভাবে বহির্বিশ্বের বিভিন্ন দেশে বাণিজ্য মিশন প্রেরণের প্রস্তাব প্রেরণ;
- বাণিজ্য বিরোধ নিষ্পত্তিতে ক্রেতা ও বিক্রেতার মধ্যে মধ্যস্থকারীর ভূমিকা পালন;

- রপ্তানিকারকদের সহায়তা পক্ষ্যে সুনির্দিষ্ট রপ্তানি পণ্যের বিপরীতে নগদ সহায়তার সুপারিশপত্র ইস্যুকরণ।

## ১৯.৩ তথ্য ও প্রকাশনাঃ

- বহির্বিশ্বের বাংলাদেশের রপ্তানি পণ্যের বাজার সৃষ্টির লক্ষ্যে কার্যকর ও ব্যাপক প্রচারণার জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরো বিভিন্ন ধরনের প্রকাশনা যেমন পণ্য ভিত্তিক পোস্টার ও ব্রশিউর, লিফলেট ইত্যাদি মুদ্রণ;
- মুদ্রিত প্রকাশনা বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস, সংশ্লিষ্ট মন্ত্রণালয়, সরকারি বিভাগ, জাতীয় ও আন্তর্জাতিক বাণিজ্য সংস্থাসমূহ, চেম্বার অব কমার্স, সেক্টর কর্পোরেশন এবং প্রতিষ্ঠিত আমদানিকারক প্রতিষ্ঠানের বরাবরে প্রেরণ;
- পণ্য রপ্তানির বিপরীতে রপ্তানি উন্নয়ন ব্যুরো থেকে ইস্যুকৃত বিভিন্ন সি.ও সার্টিফিকেট ফরম মূদ্রণ ও বিতরণ;
- রপ্তানি পরিসংখ্যান, পকেট রপ্তানি পরিসংখ্যান, বার্ষিক প্রতিবেদন, নিউজ লেটার প্রভৃতি প্রকাশনা নিয়মিত ভাবে প্রকাশ;
- ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা উপলক্ষ্যে স্যুভেনীরসহ বহির্বিশ্বের অনুষ্ঠিত মেলা ও বাণিজ্য উপলক্ষ্যে বুকলেট, ব্রশিউর, লিফলেট ও চাহিদা মোতাবেক বিভিন্ন প্রকাশনা মূদ্রণ করা হয়;
- বাণিজ্য তথ্য কেন্দ্র (টিআইসি) দেশের রপ্তানি বাণিজ্যকে ত্বরান্বিত করতে তথ্য সরবরাহ বাণিজ্য জিজ্ঞাসা/চাহিদা সম্পর্কিত তাৎক্ষণিক জবাব প্রদান, পণ্য ও দেশভিত্তিক রপ্তানিকারক ও আমদানীকারদের তালিকাসমূহ সংগ্রহ এবং তা সংশ্লিষ্টদের মাঝে বিতরণ;
- রপ্তানি বাণিজ্য সংক্রান্ত দৈনিক পত্রিকার কাটিং সংরক্ষণ, ITC website এর মাধ্যমে আমদানি রপ্তানি সংক্রান্ত তথ্য প্রদান এবং আইসিটি মার্কেট অ্যানালাইসিস টুলস (ট্রেড ম্যাপ, প্রোডাক্ট ম্যাপ, মার্কেট অ্যাক্সেস ম্যাপ, ট্রেড ইনভেস্টমেন্ট ম্যাপ ও ট্রেড লাইব্রেরী কমপিটেটিভনেস ম্যাপ) সম্পর্কিত সচেতনতা মূলক সেবাপ্রদান।

## ১৯.৪ মেলা ও প্রদর্শনী বিভাগঃ

- বহির্বিশ্বের দেশসমূহে অনুষ্ঠিত বিভিন্ন আন্তর্জাতিক মেলায় এবং একক

বাণিজ্য মেলা আয়োজনে দেশের রপ্তানিকারক তথা বেসরকারি খাতকে বিপণন সহায়তা প্রদান;

- ব্যুরোর ব্যবস্থাপনায় বিদেশে অনুষ্ঠিত মেলাসমূহে রপ্তানিকারক প্রতিষ্ঠান সমূহের অংশগ্রহণে সহায়তা প্রদান;
- ব্যুরোর ব্যবস্থাপনায় বহির্বিশ্বের দেশ সমূহে অনুষ্ঠিত মেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের সহায়তা প্রদান ও পণ্য প্রর্দশনের ব্যবস্থা গ্রহণ। বিদেশে অনুষ্ঠিত আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণের জন্য আবেদন ফর্মের লিংক http://epb.gov.bd/site/view/forms.

## ১৯.৫ প্রশাসন বিভাগঃ

- রপ্তানিউন্নয়ন ব্যুরোর প্রশাসন সংক্রান্ত কার্যক্রম যেমন: মানব সম্পদ ব্যবস্থাপনা, বাণিজ্য মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয় এবং দপ্তর/অধিদপ্তর/সংস্থার সাথে লিয়াঁজো রক্ষা;
- স্থাবর-অস্থাবর সম্পত্তি ও নির্মাণ/পূর্ত কাজ রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা;

  পরিচালনা পর্ষদ এর সভা আয়োজন ও সিদ্ধান্ত বাস্তবায়ন তদারকি করণ;
- দেশের সর্ববৃহৎ বাণিজ্যিক জাতীয় ইভেন্ট-ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা আয়োজন;
- ব্যুরোর সকল প্রকার আয় ব্যয়ের হিসাব সংরক্ষণ;
- প্রতি অর্থ বছরের জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরোর বাজেট প্রণয়ন এবং সরকার কর্তৃক বরাদ্দকৃত বাজেটে অর্থের সঠিক ব্যবহার নিশ্চিত করণের লক্ষ্যে মনিটরিং এর কার্যাদি;
- ব্যুরোর ইন্টারনেট সেবা পরিচালনা এবং বিশ্ববাজারে রপ্তানি কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে প্রণীত তথ্যবহুল ওয়েব সাইট www.epb.gov.bd এর পরিচালনা।

## ১৯.৬ বস্ত্র বিভাগ ঃ

- বাংলাদেশ হতে তৈরি পোশাক ও বস্ত্র সামগ্রী রপ্তানিকারক পৃথিবীর বিভিন্ন দেশে তৈরী পোষাকসহ বস্ত্র সামগ্রী রপ্তানির ক্ষেত্রে শুল্কমুক্ত

সুবিধা প্রাপ্তির জন্য Certificate of Origin (CoO) সনদ যথাক্রমে GSP, SAPTA, SAFTA, APTA, China CO, Korea CO, Chile CO, TPS-OIC CO, Annex, III, D-8 PTA CO, Bangladesh -Bhutan PTA, DFTP ইস্যুকরণ;

- বিদেশী শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক দেশের রপ্তানিকারক প্রতিষ্ঠান সমূহের অনুকূলে ব্যবহৃত বিভিন্ন সনদের সত্যতা ও যথার্থতা সম্পর্কিত ভেরিফিকেশন এর জবাব প্রদান;
- প্রাধিকারমূলক বাজার প্রবেশাধিকার ব্যবস্থার অধীনে বস্ত্র বিভাগ থেকে ইউরোপীয় ইউনিয়ভুক্ত ২৭টি দেশ, নরওয়ে, সুইজারল্যান্ড ও তুরস্কে টেক্সটাইল পণ্য রপ্তানিতে Registered Export System (REX) নিবন্ধন প্রদান, নিবন্ধিত প্রতিষ্ঠান সমূহের অনুকূলে রপ্তানি সম্পর্কিত দলিলাদি গ্রহণ, রপ্তানি মনিটরিং ও ভেরিফিকেশন;
- টেক্সটাইল পণ্য রপ্তানিতে বিশেষ শুল্ক সুবিধা গ্রহণে রপ্তানি উন্নয়ন ব্যুরোর নিবন্ধন নাম্বার প্রদান ও নবায়ন;
- কমপ্লায়েন্স সেলের মাধ্যমে টেক্সটাইল পণ্য খাতে কমপ্লায়েন্স প্রতিপালনে বিভিন্ন পোষাক ও বস্ত্র সামগ্রী প্রস্তুতকারক রপ্তানি প্রতিষ্ঠান সমূহের কারখানার শ্রমিক হতে মিড লেভেলের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থাকরণ।

### ১৯.৭ বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশীপ এক্সিবিশন সেন্টারঃ

পূর্বাচল নতুন উপশহরের ৪ নম্বর সেক্টরে সুপরিসর স্থানে অবস্থিত অত্যাধুনিক সুযোগ সুবিধা সম্বলিত বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টার অবস্থিত। এ সেন্টারে নির্ধারিত ফি প্রদানের মাধ্যমে পণ্য ভিত্তিক বাণিজ্য মেলা, এক্সপো, সেমিনার, পণ্য পরিচিতি সভা অনুষ্ঠান ইত্যাদি আয়োজনের সুযোগ রয়েছে।

## ২০. রপ্তানি উন্নয়ন ব্যুরোর আঞ্চলিক ও শাখা অফিসসমূহঃ

রপ্তানি উন্নয়ন ব্যুরোর প্রধান কার্যালয় ঢাকায় অবস্থিত। আঞ্চলিক ও শাখা কার্যালয় সমূহ।

## তথ্যের জন্য যোগাযোগের ঠিকানা নিম্নরূপঃ

**রপ্তানি উন্নয়ন ব্যুরো**
প্রধান কার্যালয়, টিসিবি ভবন, (২য়, ৫ম, ৯ম ও ১৫তম তলা),
১, কাওরান বাজার, ঢাকা-১২১৫, বাংলাদেশ।
ফোনঃ ৮৮-০২-৮১৮০০৮৭, ৮১৮০০৯০, ৮১৮০০৯৫,
ফ্যাক্সঃ ৮৮-০২-৯১১৯৫৩১, e-mail: info@epb.gov.bd

| | |
|---|---|
| **রপ্তানি উন্নয়ন ব্যুরো**<br>মোস্তফা সেন্টার (৪র্থ তলা),<br>১১০২/এ, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম<br>ফোনঃ ৮৮-০৩১-৭২০৯০৭,<br>৮৮-০৩১-৭১২৩৬৬,<br>ফ্যাক্সঃ ৮৮-০৩১-৭১০৫৪০<br>e-mail: epbctg@sns-bd.com | **রপ্তানি উন্নয়ন ব্যুরো**<br>হোল্ডিং নং-৮৪৫, বিসিক গেইট,<br>রাণীর বাজার, কুমিল্লা।<br>ফোনঃ ৮৮-০৮১-৬৫০১৯<br>e-mail: epbcom2@btcl.net.bd |
| **রপ্তানি উন্নয়ন ব্যুরো**<br>হাজেরা ভিলা (৪র্থ তলা)<br>নাটোর রোড, সাহেব বাজার,<br>রাজশাহী।<br>ফোনঃ ৮৮-০৭২১-৭৭৪৪২০,<br>e-mail: direpbrajbd@yahoo.com | **রপ্তানি উন্নয়ন ব্যুরো**<br>বখত চেম্বার, সুবহানী ঘাট, সিলেট।<br>ফোনঃ ৮৮-০৮২১-৭১৬১৪৪<br>e-mail: epbsylhet@yahoo.com |
| **রপ্তানি উন্নয়ন ব্যুরো,**<br>চেম্বার ম্যানসন, ৫,<br>কে.ডি, এ বা/এ, খুলনা।<br>ফোনঃ ৮৮-০৪১-৭২০৪৪৭,<br>ফ্যাক্সঃ ৮৮-০৪১-৭৩২১৭২<br>e-mail: epbkhul@btcl.net.bd | **রপ্তানি উন্নয়ন ব্যুরো**<br>সাত্তার টাওয়ার (৫ম তলা)<br>৫০, এস. এম. মালেহ রোড,<br>টানবাজার, নারায়ণগঞ্জ।<br>ফোনঃ ৮৮-০২-৯৭১৬৮২১,<br>e-mail: epbng.gov@gmail.com |




# Connect with Business

**Bangladesh China Friendship Exhibition Center (BCFEC)**

Purbachal, New Town Project, Rupganj, Narayanganj
Organise your event at the

# L A R G E S T

**Exhibition and Convention Venue in Bangladesh**



Partial Fornt View BCFEC



Aerial View of BCFEC

## Unique Features:

| | | |
|---|---|---|
| **Total floor area** | : | 33,000 sqm (3,55,000 sft approx.) |
| **Total Floor area in Exhibition Building** | : | 24,370 sqm (2,63,000 sft approx.) |
| **Total Floor area for Exhibition Hall** | : | 15,418 sqm (1,66000 sft approx.)<br>(Two Exhibition halls: area of each hall 7,183 sqm/77,318 sft; One registration hall area 1,052 sqm) |
| **Parking Facilities** | : | a) One two-storied parking building for 500 cars (area 7,912 sqm)<br>b) At the open space 1000 cars (approx.) |
| **Total number of booths** | : | 800 (9.67 sqm each) |

## Additional Facilities:

1. **Multifunctional Convention Hall with a seating capacity of 473**
2. **Conference Room (Seat capacity 50)**
3. **B2B Meeting Rooms- 4 in number (Capacity -20)**
4. **Cafeteria- Seating capacity 500**
5. **And other modern amenities**

JOIN US FOR EXPLORING BUSINESS

For Further Information and Booking: Director (Fair and Display)
Tel: +8802 55013942, +8802 55013254, +8801712345990
Email: dir-fair@epb.gov.bd
Website: www.epb.gov.bd



**we promote export**
**we build Bangladesh**

## রপ্তানি উন্নয়ন ব্যুরো


টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫

ফোন: ৮৮-০২-৫৫০১৩৪২০, ফ্যাক্স: ৮৮-০২-৫৫০১৪০২৪

ই-মেইল: info@epb.gov.bd, ওয়েবসাইট: www.epb.gov.bd